কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q3

ISSN 0971-7765

কর্মক্ষেত্র

কেন্দ্রীয় সরকারে
৮২২ অফিসার
প্রিলিমিনারি পরীক্ষার
নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৬

বর্ষ ৪১ সংখ্যা ৩৬ কলকাতা বুধবার, ৭ এপ্রিল ২০২১/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ২৪ চৈত্র ১৪২৭ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

এয়ারফোর্সে ১৩১২ গ্রুপ ‘সি’

বিভিন্ন পদে ১,৩১২ জন গ্রুপ ‘সি’ কর্মী নেবে ভারতীয় বিমানবাহিনী। নিয়োগ হবে দেশের ওয়েস্টার্ন এয়ার কমান্ড, ইস্টার্ন এয়ার কমান্ড, সাদার্ন এয়ার কমান্ড, সেন্ট্রাল এয়ার কমান্ড, মেইন্টেন্যান্স কমান্ড এবং ট্রেনিং কমান্ড ইউনিটের বিভিন্ন এয়ারফোর্স স্টেশনে। মাল্টিটাস্কিং স্টাফ, কুক, ক্লার্ক, সুপারিন্টেন্ডেন্ট-সহ বিবিধ পদে নিয়োগ হবে।

এয়ারফোর্স স্টেশন অনুসারে শূন্যপদ: ওয়েস্টার্ন এয়ার কমান্ড ইউনিট: নিউ দিল্লি: স্টেনোগ্রাফার গ্রেড-টু ৩টি, সুপারিন্টেন্ডেন্ট (স্টোর) ১টি, কুক (ও জি) ১টি, হাউস কিপিং স্টাফ ৩টি, মেস স্টাফ ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, HQ WAC (U) AF, Subroto Park, New Delhi, PIN-110010.

শ্রীনগর: কুক (ও জি) ৩টি, হিন্দি টাইপিস্ট ১টি, হাউস কিপিং স্টাফ ৩টি, মেস স্টাফ ৩টি, মাল্টিটাস্কিং স্টাফ ৫টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commading, AF Station Srinagar (J&K), PIN-190007.

নিউ দিল্লি: হিন্দি টাইপিস্ট ১টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ২টি, হাউসকিপিং স্টাফ ৫টি, লন্ড্রিম্যান ১টি, মেস স্টাফ ৪টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Palam, New Delhi-110010.

আম্বালা ক্যান্টনমেন্ট: স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, হাউস কিপিং স্টাফ ৭টি, মেস স্টাফ ১০টি, মাল্টিটাস্কিং স্টাফ ২টি, সি এস অ্যান্ড এস এম ডব্লু ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Ambala, Ambala Cantt. (Haryana), PIN-133001.

জলন্ধর: সুপারিন্টেন্ডেন্ট (স্টোর) ২টি, স্টোরকিপার ২টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি, সি এম টি ডি (ও জি) ২টি, কুক (ও জি) ১টি, কার্পেন্টার ১টি, হাউস কিপিং স্টাফ ৮টি, লন্ড্রিম্যান ১টি, মেস স্টাফ ৪টি, মাল্টি টাস্কিং স্টাফ ৫টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Adampur, Post Office Adampur (AD), Distt. Jalandhar (Punjab), PIN-144103.

লুধিয়ানা: স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, সুপারিন্টেন্ডেন্ট (স্টোর) ১টি, স্টোরকিপার ১টি, কুক (ও জি) ৩টি, কার্পেন্টার ১টি, হাউস কিপিং স্টাফ ৭টি, হাউস কিপিং স্টাফ (মহিলা সাফাইকর্মী) ১টি, ওয়ার্ড সহায়িকা ১টি, লন্ড্রিম্যান ১টি, মেস স্টাফ ৯টি, ভালকানাইজার ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ১১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Halwara, Halwara-AD, Teh-Raikot, Distt. Ludhiana (Punjab), PIN-

এরপর দুয়ের পাতায়

ইসরোতে চাকরি

২৪ জন অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার, অ্যাকাউন্টস অফিসার এবং পারচেজ অ্যান্ড স্টোর্স অফিসার নেবে ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন (ইসরো)। এটি কেন্দ্রের মহাকাশ দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। প্রার্থী বাছাই করবে ইসরো সেন্ট্রালাইজড রিক্রুটমেন্ট বোর্ড। নিয়োগ করা হবে ইসরো এবং চণ্ডিগড়ের সেমি-কন্ডাক্টর ল্যাবরেটরিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ISRO:ICRB: 01 (Officer): 2021.

শূন্যপদের বিন্যাস: ইসরো: অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার: ৪টি (সাধারণ ২, ও বি সি ২)। অ্যাকাউন্টস অফিসার: ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)।

এরপর পাঁচের পাতায়

ভারত হেভি ইলেক্ট্রিক্যালসে ট্রেনি সুপারভাইজর

৪০ জন ট্রেনি সুপারভাইজর (ফিনান্স) নেবে ভারত হেভি ইলেক্ট্রিক্যালস। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর। সফল প্রশিক্ষণ শেষে নিয়োগ করা হবে সুপারভাইজর পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/2021.

শিক্ষাগত যোগ্যতা: ৭০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৬০ শতাংশ) নম্বর-সহ কমার্স গ্র্যাজুয়েট। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। সেক্ষেত্রে ৩০ জুনের মধ্যে ফাইনাল মার্কশিট সাবমিট করতে হবে।

ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিন্যাস: সাধারণ ২৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ২। নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: ৭০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৬০ শতাংশ) নম্বর-সহ কমার্স গ্র্যাজুয়েট। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। সেক্ষেত্রে ৩০ জুনের মধ্যে ফাইনাল মার্কশিট সাবমিট করতে হবে।

বয়স: ১-৪-২০২১ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

ট্রেনিং চলাকালীন বেতনক্রম: ৩২,০০০-১,০০,০০০ টাকা। সফল ভাবে ট্রেনিং শেষে বেতনক্রম: ৩৩,৫০০-১,২০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষার সম্ভাব্য তারিখ ২৩ মে। পরীক্ষায় উত্তীর্ণদের গ্রুপ ডিসকাশনের জন্য ডাকা হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bhel.com দরখাস্তের শেষ তারিখ ২৬ এপ্রিল।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৫০০ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ২০০ টাকা)। জি এস টি অতিরিক্ত। ফি জমা দেওয়া যাবে নেট ব্যাঙ্কিং, ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে।

দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

এগ্রিকালচারাল রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে কেন্দ্রীয় সরকারে ২৬৭

লেকচারার/অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, সায়েন্টিস্ট এবং সিনিয়র টেকনিক্যাল অফিসার পদে ২৬৭ জনকে নেবে কেন্দ্রীয় সরকারের কৃষি এবং কৃষক কল্যাণ মন্ত্রক। প্রার্থী বাছাই করা হবে জাতীয় স্তরের প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। প্রার্থী বাছাই করা হবে লেকচারার/অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে নেট-২০২১, সায়েন্টিস্ট পদের ক্ষেত্রে এগ্রিকালচার রিসার্চ সার্ভিস-২০২১ (প্রিলিমিনারি ও মেন) এবং অফিসার পদের ক্ষেত্রে সিনিয়র টেকনিক্যাল অফিসার এক্সামিনেশনের মাধ্যমে। পরীক্ষা ২১ থেকে ২৭ জুনের মধ্যে। এগ্রিকালচার রিসার্চ সার্ভিস-২০২১-এর মেন পরীক্ষা ১৯ সেপ্টেম্বর। প্রার্থী বাছাই করবে এগ্রিকালচারাল সায়েন্টিস্টস রিক্রুটমেন্ট বোর্ড। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1(2)/2020-Exam.II.

নিয়োগ করা হবে এই সব শাখায়: এগ্রিকালচারাল বায়োটেকনোলজি, এগ্রিকালচারাল এন্টোমোলজি, এগ্রিকাল-চারাল মাইক্রোবায়োলজি, ইকনমিক বটানি অ্যান্ড প্লান্ট জেনেটিক রিসোর্সেস, জেনেটিক্স অ্যান্ড প্লান্ট ব্রিডিং, নেমাটোলজি, প্লান্ট বায়োকেমিস্ট্রি, প্লান্ট প্যাথোলজি, প্লান্ট ফিজিওলজি, সিড সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ফ্লোরি-কালচার অ্যান্ড ল্যান্ডস্কেপিং, ফ্রুট সায়েন্স, স্পাইসেস প্লান্টেশন অ্যান্ড মেডিসিনাল অ্যান্ড অ্যারোমেটিক প্লান্টস, ভেজিটেবল সায়েন্স, অ্যানিম্যাল বায়োকেমিস্ট্রি, অ্যানিম্যাল বায়ো-টেকনোলজি, অ্যানিম্যাল জেনেটিক্স অ্যান্ড ব্রিডিং, অ্যানিম্যাল নিউট্রিশন, অ্যানিম্যাল ফিজিওলজি, অ্যানিম্যাল রিপ্রোডাকশন অ্যান্ড গাইনিকোলজি, ডেয়ারি কেমিস্ট্রি, ডেয়ারি মাইক্রো-বায়োলজি, ডেয়ারি টেকনোলজি, লাইভ-স্টক প্রোডাক্ট টেকনোলজি, লাইভস্টক প্রোডাকশন ম্যানেজমেন্ট, পোল্ট্রি সায়েন্স, ভেটেরিনারি মেডিসিন, ভেটেরিনারি মাইক্রোবায়োলজি, ভেটেরিনারি প্যারা-সাইটোলজি, ভেটেরিনারি প্যাথোলজি, ভেটেরিনারি ফার্মাকোলজি, ভেটেরিনারি পাবলিক হেলথ, ভেটেরিনারি সার্জারি, অ্যাকোয়াকালচার, ফিশারিজ রিসোর্স ম্যানেজমেন্ট, ফিশ প্রসেসিং টেকনোলজি, ফিশ নিউট্রিশন, ফিশ হেলথ, ফিশ জেনেটিক্স অ্যান্ড ব্রিডিং, এগ্রিকালচারাল কেমিক্যালস, এগ্রিকালচারাল মেটিওরোলজি, অ্যাগ্রোফরেস্ট্রি, অ্যাগ্রোনমি, এনভায়রনমেন্টাল সায়েন্স, সয়েল সায়েন্সেস, এগ্রিকালচারাল বিজনেস ম্যানেজমেন্ট, এগ্রিকালচারাল ইকনমিক্স,

এরপর আটের পাতায়

ন্যাশনাল হাইওয়েজে চাকরি

ডেপুটি জেনারেল ম্যানেজার, ম্যানেজার এবং ডেপুটি ম্যানেজার পদে ৪২ জনকে নেবে ন্যাশনাল হাইওয়েজ অথরিটি অব ইন্ডিয়া। নিয়োগ হবে ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস বিভাগে।

শূন্যপদের বিন্যাস: ডেপুটি জেনারেল ম্যানেজার: ৬টি। ম্যানেজার: ২৪টি। ডেপুটি ম্যানেজার: ১২টি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nhai.gov.in দরখাস্তের শেষ তারিখ ১২ এপ্রিল। অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে সাবমিট করুন। পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্তের প্রিন্ট আউট ২৭ এপ্রিলের মধ্যে পৌঁছতে হবে সংশ্লিষ্ট সংস্থার নির্দিষ্ট ঠিকানায়।

এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

হোমমেড সাবান উপার্জনের সুযোগ করে দিচ্ছে

করোনাকে দূরে রাখার অন্যতম উপায় বারবার সাবান দিয়ে হাত ধোওয়া। অতিমারির দিনকালে টয়লেট সোপের বিক্রি অনেকটাই বেড়েছে। তবে কেবল আন্তর্জাতিক ব্র্যান্ড নয়, এ ক্ষেত্রে ভালো ব্যবসা করছে হোমমেড সোপও। ঘরে বসেই বানাতে পারেন নানা ধরনের সুগন্ধী সাবান। অল্প পুঁজি নিয়ে ব্যবসা শুরু করা যায়। তবে সাবান তৈরির প্রশিক্ষণ নিয়ে থাকতে হবে।

নিজস্ব প্রতিনিধি: করোনা-পরিস্থিতিতে বারবার সাবান দিয়ে হাত ধোওয়ার নির্দেশ দিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। এর ফলে গত এক বছরে সাবানের চাহিদা অনেকটাই বেড়েছে। কেবল আন্তর্জাতিক ব্র্যান্ড বা বড় কোম্পানির উৎপাদিত সাবান-ই নয়, হোমমেড সাবানের বাজারও বেশ ভালো। ঘরোয়া ভাবে উৎপাদিত এই সাবানে কোনও রাসায়নিক উপাদান নেই। অত্যন্ত জনপ্রিয় হয়ে ওঠা এই অরগ্যানিক হোমমেড সোপ তৈরির প্রশিক্ষণ নিয়ে যে-কেউ ঘরে বসেই সাবান উৎপাদন করে বিক্রি করতে পারেন।

হোমমেড সাবানে বাজার-চলতি সাবানের মতো অতিরিক্ত ক্ষার থাকে না, বিভিন্ন প্রাকৃতিক উপাদান দিয়ে তৈরি হয় বলে ত্বকের পক্ষেও ভালো। এখন অনেকেই ত্বকের চরিত্র অনুযায়ী সাবান ব্যবহার করতে চান। সেটাও হোমমেড সোপ জনপ্রিয় হওয়ার একটা কারণ। ক্রেতার চাহিদা অনুযায়ী সাবান বানিয়ে দেওয়াও সম্ভব। ইদানীং নামী হোটেল, রিসর্ট এবং স্পা-গুলিতে হোমমেড অরগ্যানিক সাবানের ভালো চাহিদা তৈরি হয়েছে। যাঁরা ছোট আকারে নিজস্ব ব্যবসা করে স্বনির্ভর হওয়ার

কথা ভাবছেন, তাঁরা প্রাকৃতিক উপাদানে তৈরি হোমমেড সাবান উৎপাদন ও বিপণনের কথা ভাবতে পারেন।

তবে ব্যবসা শুরু করার আগে অবশ্যই সাবান তৈরির প্রশিক্ষণ নেওয়া জরুরি।

এরপর দুয়ের পাতায়

এয়ারফোর্সে ১৩১২ গ্রুপ ‘সি’

প্রথম পাতার পর

144106.

চণ্ডিগড়: কার্পেন্টার ১টি, হাউসকিপিং স্টাফ ৩টি, মেস স্টাফ ৯টি, মাল্টিটাস্কিং স্টাফ ১২টি, কুক (ও জি) ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Chandigarh, Pin-160003.

পাঠানকোট: স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, হিন্দি টাইপিস্ট ১টি, মেস স্টাফ ৪টি, পেইন্টার ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Pathankot, Teh.-Pathankot, Distt. Pathankot (Punjab), Pin-145001.

লাদাখ: কুক (ও জি) ২টি, মেস স্টাফ ১টি, মাল্টিটাস্কিং স্টাফ ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Leh, Village-Spituk, Post Office- Leh, Ladakh (UT), Pin-194101.

নিউ দিল্লি: স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, সুপারিন্টেন্ডেন্ট (স্টোর) ১টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি, কুক (ও জি) ৩টি, পেইন্টার ১টি, মেস স্টাফ ১০টি, মাল্টিটাস্কিং স্টাফ ৮টি, কার্পেন্টার ১টি, হাউস কিপিং স্টাফ ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, AF Station Rajokri, New Delhi, Pin-110038.

গাজিয়াবাদ: কুক (ও জি) ৫টি, মাল্টিটাস্কিং স্টাফ ৩টি, হাউস কিপিং স্টাফ ৪২টি, হাউস কিপিং স্টাফ (মহিলা সাফাইকর্মী) ১টি, মেস স্টাফ ১৩টি, ভালকানাইজার ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Hindan Ghaziabad (UP), PIN-201004.

সাহারানপুর: মাল্টিটাস্কিং স্টাফ ৫টি, হাউস কিপিং স্টাফ ৪টি, মেস স্টাফ ৫টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Sarsawa, Saharanpur (Uttar Pradesh), Pin-247232.

ভাথিন্ডা: মাল্টিটাস্কিং স্টাফ ৫টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Bhisiana, Teh. & Distt. Bhathinda (Punjab), PIN-151201.

সিরসা: মেস স্টাফ: ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station Sirsa, Sirsa (Haryana), PIN-125055

বিকানির: মেস স্টাফ: ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, AF Station Nal, Bikaner (Rajasthan), PIN-334001.

চাম্বা: মাল্টিটাস্কিং স্টাফ: ৪টি, হাউস কিপিং স্টাফ: ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, AF Station Dalhousie, Distt. Chamba (HP) Pin-176304.

কসৌলি: কুক (ও জি) : ৪টি, মাল্টিটাস্কিং স্টাফ: ৪টি, হাউস কিপিং স্টাফ: ৪টি, মেস স্টাফ: ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, AF Station Kasauli, Post-Kasauli, Distt. Solan (HP), PIN-173204.

ফরিদাবাদ: সুপারিন্টেন্ডেন্ট (স্টোর): ২টি, স্টোর কিপার : ১টি, কুক (ও জি): ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, AF Station Faridabad, Dabua Colony, Faridabad (Haryana), PIN-121005.

নিউ দিল্লি: কুক (ও জি): ২টি, হাউস কিপিং স্টাফ: ১টি, মাল্টি টাস্কিং স্টাফ: ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Master Control Centre, AF Station Basant Nagar, New Delhi, PIN-110010.

ট্রেনিং কমান্ড ইউনিটস: বেঙ্গালুরু: কুক (ও জি): ৪টি, সি এম টি ডি (ও জি): ২টি, লোয়ার ডিভিশন ক্লার্ক: ৭টি, সিনিয়র কম্পিউটার অপারেটর: ১টি, স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ২টি, হাউস কিপিং স্টাফ ৬টি, মেস স্টাফ ৬টি, মাল্টিটাস্কিং স্টাফ: ১০টি, ভালকানাইজার : ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer Training Command U, AF J.C. Nagar, Post. Hebbal, Bengaluru-560006.

জালাহাল্লি ওয়েস্ট, বেঙ্গালুরু: লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ১৮টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station, Jalahalli West Bengaluru-560015.

জালাহাল্লি ওয়েস্ট, বেঙ্গালুরু: কুক (ও জি) ৯টি, সি এম টি ডি (ও জি) ১টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ৫টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ৪টি, হাউস কিপিং স্টাফ ২৬টি, মেস স্টাফ ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ১৮টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, CTI, AF C/O AF Station, Jalahalli West, Bengaluru-560015.

জালাহাল্লি ওয়েস্ট, বেঙ্গালুরু: কুক (ও জি) ৩টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, হাউস কিপিং স্টাফ ৪টি, মেস স্টাফ ৫টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commandant AF Tech College (AFTC), Jalahalli West, Bengaluru-560015.

ইয়েলাহাঙ্কা, বেঙ্গালুরু: কুক (ও জি) ৫টি, হিন্দি টাইপিস্ট ১টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ৪টি, স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, স্টোর কিপার ১টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ২টি, হাউস কিপিং স্টাফ ৭টি, মেস স্টাফ ৪টি, মাল্টি টাস্কিং স্টাফ ৬টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station

এরপর তিনের পাতায়

হোমমেড সাবান উপার্জনের সুযোগ করে দিচ্ছে

প্রথম পাতার পর

সেইসঙ্গে ব্যক্তিগত ভাবে বাজারে ঘুরে একটি সমীক্ষা করে এর চাহিদা সম্পর্কে ধারণা পেতে হবে। যেমন কোন ধরনের হোমমেড সাবানের বিক্রি বেশি, সুগন্ধের ব্যাপারে বেশির ভাগ ক্রেতার কী পছন্দ, এইসব বিষয় জানতে হবে, তারপর যথাযথ পরিকাঠামো গড়ে উৎপাদন শুরু করতে হবে। যাঁরা নিজেরা উৎপাদনে আগ্রহী নন, তাঁরা হোমমেড সাবান প্রস্তুতকারীদের সঙ্গে যোগাযোগ করে, হোলসেলে সাবান কিনে বিক্রি করতে পারেন বা ডিলারশিপ নিতে পারেন। ব্যবসার ক্ষেত্রে জনসংযোগ একটা বড় বিষয়। তার জন্য সোশ্যাল মিডিয়ার সাহায্য নিতে পারেন।

হাতে তৈরি সাবানের উপকরণ

হোমমেড সাবানের উপকরণ ও সুগন্ধী বাছা যায় নিজের পছন্দ অনুযায়ী। অরগ্যানিক সাবান তৈরি করতে লাগে হার্ব— ল্যাভেন্ডার, ক্যামোমাইল, লেমনগ্রাস ইত্যাদি শুকনো হার্ব ব্যবহার করা হয়। এসেনশিয়াল অয়েল— একশো শতাংশ এসেনশিয়াল অয়েল ব্যবহার করলে তা লাগেও কম এবং গন্ধও তীব্র হয়। এছাড়াও লাগে সোডিয়াম হাইড্রক্সাইড বা লাই। লাই ছাড়া সাবান তৈরি করা যায় না। সুগন্ধীর দোকানে, অনলাইনে সহজেই কিনতে পাওয়া যায় লাই। সাবান তৈরি হয়ে গেলে তাতে লাই অবশিষ্ট থাকে না। এছাড়া সাবান তৈরিতে অ্যালোভেরা জেল, নিমপাতা, মুলতানি মাটি, কোকো বাটার, শিয়া বাটার, চন্দন, লেবুর খোসা ইত্যাদি পছন্দসই সামগ্রী মেশাতে পারেন। সাবানের বিভিন্ন রং আনার জন্য ব্যবহার করা হয় বিভিন্ন মশলা ও ভেষজ উপাদান। যেমন, খয়েরি রং করা যায় দারচিনি বা কোকো পাউডার মিশিয়ে, সবুজের জন্য দরকার ক্লোরোফিল পাউডার, হলুদ রঙের জন্য হলুদগুঁড়ো ইত্যাদি। সাবান তৈরির জন্য নানা আকারের কাঠের বা সিলিকনের মোল্ড ও চামচ ব্যবহার করা ভালো।

কোথায় শিখবেন

প্রগতি

‘প্রগতি’ বিভিন্ন ধরনের সাবান তৈরির প্রশিক্ষণ দিয়ে থাকে। ‘প্রগতি’ ভারত সরকারের জাতীয় ক্ষুদ্র শিল্প নিগমের অন্তর্ভুক্ত। বছরের যে-কোনও সময় ভর্তি হওয়ার জন্য আবেদন করা যায়। এখানে গায়ে মাখার সাবান অর্থাৎ টয়লেট সোপ, ন্যাচারাল বা অরগ্যানিক সোপ, লিকুইড সোপ, কাপড় ও বাসন মাজার সাবান অর্থাৎ দু'ধরনের ওয়াশিং সোপ তৈরি করা একসঙ্গে শেখানো হয়। সেইসঙ্গে হাতে-কলমে কাজ শেখার পর কী ভাবে ব্যবসা করবেন, কোথা থেকে উপকরণ সংগ্রহ করবেন এবং কী ভাবে বিক্রি করবেন ইত্যাদি যাবতীয় ব্যবসায়িক ধারণা দেওয়া হয়।

প্রশিক্ষণের মেয়াদ দেড় থেকে দু'মাস। ফি ১৫,০০০ টাকা। সপ্তাহে দু' দিন সকাল এগারোটা থেকে বিকেল পাঁচটা অবধি ক্লাস। প্রশিক্ষণের যাবতীয় উপকরণ সংস্থাই সরবরাহ করে। প্রশিক্ষণের সময় তৈরি সাবান ছাত্রছাত্রীদের বিনামূল্যে দিয়ে দেওয়া হয়। প্রশিক্ষণে সফল প্রার্থীদের সার্টিফিকেট দেওয়া হয়।

প্রগতি-র কর্ণধার সোমনাথ রায়চৌধুরী জানালেন, ‘প্রথমে ছোট পরিসরে অল্প পুঁজি নিয়ে স্বাধীন ভাবে সাবানের ব্যবসা শুরু করা যায়। বিক্রির সুযোগ আছে শপিং মল বা নামী হস্তশিল্প বিপণিতে বা অনলাইনে। উৎপাদিত সাবানের মান ভালো হলে ব্যবসা বাড়বে। সেইসঙ্গে সৃষ্টিশীলতা ও স্বাতন্ত্র্যের চিহ্ন থাকলে চাহিদা আরও বাড়বে।’ তিনি আরও জানান, প্রশিক্ষণ শেষ হয়ে যাওয়ার পরে, ব্যবসা করার সময় এখানকার শিক্ষার্থীরা কোনও সমস্যায় পড়লে সম্পূর্ণ বিনামূল্যে তাঁরা পরামর্শ দেন এবং সমস্যার সমাধানের চেষ্টা করেন। সোমনাথবাবুর কথায়, ‘এমনও হয়েছে যে, ব্যবসা শুরু করার ২০-২৫ বছর পরেও ছাত্রছাত্রীরা যোগাযোগ করেছেন। প্রাক্তন ছাত্রছাত্রীরা যোগাযোগ রাখলে আমাদেরও সুবিধা হয়। যাঁরা ব্যবসা করছেন তাঁরা বাজারের বর্তমান চাহিদা সম্পর্কে আমাদের আপডেট দিতে পারেন। আমরাও নতুনদের প্রশিক্ষণ দেওয়ার সময় সেটা খেয়াল রাখি। কোনও প্রোডাক্টের কোনও পরিবর্তন প্রয়োজন হলে সেটাও করে ফেলি।’

যোগাযোগ: প্রগতি, নর্থ ঘোষপাড়া গ্যাসগিট রোড, বালি, হাওড়া। ফোন: ০৩৩-২৬৭১-০২৯২ (সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে)। মোবাইল: ৯৪৩২৪-৯০৩২৯।

সক্ষম

‘সক্ষম’ সাবান তৈরির প্রশিক্ষণ দিয়ে থাকে। বছরের যে-কোনও সময় ভর্তি হওয়া যায়। বর্তমান পরিস্থিতিতে কোভিড বিধি ও সামাজিক দূরত্ব বজায় রেখে অফলাইন ক্লাসের পাশাপাশি অনলাইন ক্লাসও চলছে। সক্ষম-এ দশ ধরনের সুগন্ধী জৈব সাবান তৈরির পদ্ধতি শেখানো হয় এক দিনে। ক্লাসের সময়সীমা ২ ঘণ্টা। ক্লাসে কোনও উপকরণ বাইরে থেকে আনতে হয় না। অনলাইনের শিক্ষার্থীদের ক্ষেত্রে ক্লাস শুরুর আগে উপকরণগুলি কুরিয়ার করে পাঠিয়ে দেওয়া হয়। প্রশিক্ষণ চলাকালীন যে-সাবানগুলি তৈরি হয় তা শিক্ষার্থীকে দিয়ে দেওয়া হয়।

প্রশিক্ষণের ফি ৪,৪০০ টাকা। সফল শিক্ষার্থীদের সার্টিফিকেট দেওয়া হয়। প্রশিক্ষণের পরেও সাবান তৈরির ব্যাপারে যে-কোনও সমস্যায় ছাত্রছাত্রীদের বিনামূল্যে পরামর্শ দেওয়া হয়।

যোগাযোগ: সক্ষম, ৫০৪ জি এন এস সরণি, সন্তোষ অ্যাপার্টমেন্ট, গ্রাউন্ড ফ্লোর, শ্যামনগর, দমদম পার্ক, কলকাতা-৭০০ ০৫৫। ফোন: ৭০০৩১-১৩৭৮৯।

ডিলারশিপ ব্যবসার জন্য

ওলিফ্লোরা বোটানিকা

প্রতিবন্ধী মেয়েদের কর্মজগতের মূল স্রোতে নিয়ে আসতে সঞ্চিতা বন্দ্যোপাধ্যায় দাস ২০১৫ সালে মশলার কোম্পানি জে বি এল স্পাইসেস শুরু করেন। ২০১৮ থেকে মশলার পাশাপাশি অরগ্যানিক বডিওয়াশ, ফেসওয়াশ, লিকুইড হ্যান্ডওয়াশ, সাবান, মশানাশক ক্রিম, বডি অয়েলও তৈরি হচ্ছে তাঁর সংস্থায়। প্রসাধনী সামগ্রীর ব্র্যান্ডনেম ওলিফ্লোরা বোটানিকা। বর্তমানে টারমারিক, লোটাস-রোজ, অ্যালোভেরা, ল্যাভেন্ডার, হানিওটস, তুলসী, জলপাই ইত্যাদি প্রায় ১২ ধরনের জৈব সাবান তৈরি করছে এই সংস্থা। সঞ্চিতার সংস্থায় সব কর্মীই মহিলা প্রতিবন্ধী।

যাঁরা হোমমেড সোপ হোলসেলে কিনে বা ডিলারশিপ নিয়ে ব্যবসা করতে চান তাঁরা ওলিফ্লোরা বোটানিকা-র সামগ্রী বিপণন করতে পারেন। ‘আমাদের প্রসাধনী দ্রব্য পুরোটাই প্রাকৃতিক ও হাতে তৈরি। কোনও কেমিক্যাল, নকল তেল বা সুগন্ধী ব্যবহার করা হয় না। ব্যবহার করা হয় একশো শতাংশ হার্বাল এসেনশিয়াল অয়েল। কোনও প্রিজারভেটিভ মেশানো হয় না। শারীরিক প্রতিবন্ধী ও পারিবারিক হিংসার শিকার হওয়া মেয়েদের স্বাবলম্বী করাই এই ব্যবসার মূল উদ্দেশ্য। আমার ইচ্ছে এই মেয়েরা আমার সংস্থায় যোগদান করুক। প্রয়োজনে তাঁদের বাড়ি গিয়ে সাবান ও অন্যান্য প্রসাধনী সামগ্রী দিয়ে আসা হবে যাতে তাঁরা সেগুলো বিক্রি করে উপার্জন করতে পারেন। চাইলে কেউ আমার সংস্থার ডিলারশিপও নিতে পারেন। এ ব্যাপারে প্রতিবন্ধী মেয়েরা অগ্রাধিকার পাবেন।’ জানালেন সঞ্চিতা।

যোগাযোগ: ৯১৬৩৭-৭৭২৫৩, ৮৩৩৭০-২৭৪০৬, ০৩৩-২৩৮১-২০৮৮। ই-মেল: sonchita.banerjea@gmail.com অথবা jblspices@gmail.com

কর্মক্ষেত্র

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

কর্মখালি

সরাসরি ৭ দিনে চাকরি

গভঃ রেজি নং: 254/01, বেতন: 17,900/39,500/-, উঃ বঙ্গ-সহ 23 জেলায় ক্লার্ক, SV, ইনচার্জ, ASV-ম্যানেজার, পিওন, ব্যাঙ্ক (DSA) ATM টাওয়ার গার্ড Ex আর্মি গানম্যান, মেট্রো এয়ারপোর্ট, জাহাজ বন্দর Co.-তে (ছেলেমেয়ে) সমস্ত সুবিধা। G. C. A, B B N 24 Pgs, Ph: 99335-27495 / 80136-07954.

□

এক ফোনে চাকরি

সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 16,700/- – 47,300/-, থাকা-খাওয়া ফ্রী। Y. J. L, P. S, Kol-56. (M): 83709-79937.

□

আর্জেন্ট ভ্যাকান্সি

দমদম Airport-এ কন্ট্রাক্টরের অধীনে ও ব্যাঙ্ক (DSA)-তে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 16,700/- – 42,300/-, থাকা-খাওয়া ফ্রী। A. C, কলেজ স্ট্রীট মোড়, Kol-13, (M): 74073-30329.

□

এয়ারপোর্ট ও মেট্রোতে জব

Govt. Reg. No: 2983 বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 18,300/- – 42,700/-, থাকা খাওয়া ফ্রী। S. C, G. C. Kol-59. M: 83709-56460.

□

এয়ারপোর্ট ও ব্যাঙ্কে জব

সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম/স্নাতক। বেতন: 18,300/- – 43,500/-, থাকা খাওয়া ফ্রী। N. D, C. Avenue, Kol-07, (M): 83709-73452.

□

আর্জেন্ট কাজের সুযোগ

এই সর্বপ্রথম পঃবঙ্গের Govt. RL No-8250 প্রাপ্ত Airport ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে 7 দিনে স্পট জয়েনিং। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,400/- – 43,900/-. Ex আর্মির বিশেষ সুযোগ। S. J. S, Kol-9. (M): 74073-30445.

□

আর্জেন্ট ভ্যাকান্সি জব গ্যারান্টি হবেই

সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 18,300/- – 43,700/-. থাকা খাওয়া ফ্রী। A. G. বিধাননগর, Kol-54, (M): 74073-30471.

□

বিনা ডোনেশনে স্থায়ী কাজ

জেলাভিত্তিক কোম্পানি, ফ্যাক্টরি, অফিস, শপিংমল, শোরুম, Pvt. নার্সিং হোম, ব্যাঙ্ক (DSA), এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে কাজের জন্য কর্মী চাই। বেতন: (12,500/- – 19,500/-), M. J. S, Kol-9. (M): 86531-45537.

□

জেলাভিত্তিক স্থায়ী চাকরি

পঃবঙ্গের প্রতিটি জেলায় Pvt. ব্যাঙ্ক, NC, MNC, Pvt. Ltd. Co., ATM ও টাওয়ার Co, Pvt. স্বাস্থ্যকেন্দ্র অফিসিয়াল ও অন্যান্য পদে M/F নিয়োগ। বেতন: 12,500/- – 23,700/-, R. J. S. Kol-9, (M): 93303-01682.

□

কর্মখালি

SBI/ HDFC/ AXIS/ UCO সরাসরি ব্যাঙ্কিং প্রসেসে স্মার্ট বাংলাভাষী M/F (MP-MA), (18-34) শীঘ্রই নিয়োগ। বেতন: 12,836/- – 36,950/- (PF+ ESI+INC.). W2C, Kol-59. বেলঘরিয়া/বাগুইআটি: 83348-59516, হাওড়া/ধর্মতলা: 90513-83837.

□

সরাসরি কর্মী নিয়োগ

প্রতিটি জেলায় Pvt. নার্সিং হোম, কোম্পানি, শপিংমল, ফ্যাক্টরি, টাওয়ার Co., ATM-এ কর্মী নিয়োগ চলছে। বেতন: (12,500/- – 18,000/-), থাকা খাওয়া ফ্রী। R. E, R. B. Lane, Kol-09, (M): 82748-59339.

□

VACANCY

কলকাতা Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে 217 জন চেকিং, ট্রলিবয়, ইনচার্জ, প্যাকিং-এ ও অন্যান্য পদে (৮ম-স্নাতক) নিয়োগ। বেতন: 16,200/- – 36,700/-. ESI, PF-সহ থাকা খাওয়া ফ্রী। R. P. VIP, কেস্টপুর, Kol-59, (M): 74391-40431.

□

প্রতিটি জেলায় ATM, ব্যাঙ্কে DSA-তে ও (কঃ অঃ মেট্রো, Airport গার্ড) কর্মী চাই। বেতন: 14,200/- – 22,700/-. M. G., Kol-41. (M): 81456-20219.

□

আর্জেন্ট কাজের সুযোগ

পঃবঙ্গের প্রতিটি জেলায় Pvt. ব্যাঙ্ক, NC, MNC, Pvt. Ltd. Co., ATM ও টাওয়ার Co. Pvt. স্বাস্থ্যকেন্দ্র অফিসিয়াল ও অন্যান্য পদে M/F নিয়োগ। বেতন: 12,500/- – 23,700/-, A. E. Lane, Kol-09, (M): 78725-38656.

□

শূন্যপদ 178

কলকাতা Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে ৮ম থেকে স্নাতক SV, চেকিং, ট্রলিবয়, ইনচার্জ, হাউসকিপার ও অন্যান্য বিভিন্ন পদে নিয়োগ। বেতন: 16,200/- – 32,700/-, ESI, PF-সহ থাকা খাওয়া ফ্রী। B.E. চিনার পার্ক, Kol-157, (M) : 89022-90657.

স্কুল-কলেজ শিক্ষা

অর্থ উপার্জনের সহজ সুযোগ

রামকৃষ্ণ বিবেকানন্দ মিশন, বারাকপুর মিশনে যুবক/যুবতীদের স্বাবলম্বী করার জন্য নিম্নোক্ত বিষয়ে ট্রেনিং দেওয়া হবে: পূজারি, রান্না শেখা, চুলকাটা, প্লাম্বিং (কলের মিস্ত্রীর কাজ), ইলেকট্রিশিয়ান, টেলারিং। যোগ্যতা মাধ্যমিক পাশ। যোগাযোগের ঠিকানা: ৭ নং রিভার সাইড রোড, বারাকপুর। ফোন: 86975 03878 /2592 0547.

□

প্রাইমারি টিচার্স ট্রেনিং (1/2 বছর) ANM নার্সিং ট্রেনিং (2 বছর) ফিজিওথেরাপি ট্রেনিং (1/2 বছর)

কোর্সে ভর্তি চলছে। App. by BSS & NSDC Govt. of India. চাকরির বিশেষ সুযোগ। Global Technical Institute, বেলেঘাটা-ফুলবাগান: 92315-51285 / 92301-13485.

□

Flylink Hotel School সার্টিফিকেট ডিপ্লোমা অ্যান্ড ডিপ্লোমা কোর্স করে বিদেশে ও দেশে চাকরি নিশ্চিত। Fshm.co.in 84202-27546 / 033-4061-1693.

□

কম্পিটিটিভ ম্যাথ ও G.I. পড়াই। ঢাকুরিয়া/মোল্লারগেট/Online। পলাশ চক্রবর্তী, বিদ্যাসাগর পার্ক, Kol-142 99030-06430, 96746-18756.

DISCLAIMER

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

এয়ারফোর্সে ১৩১২ গ্রুপ ‘সি’

দুয়ের পাতার পর

Yelahanka, Bengaluru-560063.

বিমানপুরা, বেঙ্গালুরু: লোয়ার ডিভিশন ক্লার্ক ২টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, হাউস কিপিং স্টাফ ২টি, মাল্টি টাস্কিং স্টাফ ৬টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commandant IAM, AF Vimanapura, Post. Bengaluru-560017.

ইয়ামলুর, বেঙ্গালুরু: কুক (ও জি) ২টি, মাল্টি টাস্কিং স্টাফ ২টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commandant, ASTE, Yamlur, Bengaluru-560083.

অগ্রম, বেঙ্গালুরু: কুক (ও জি) ৪টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ২টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ২টি, আয়া/ওয়ার্ড সহায়িকা ৩টি, হাউস কিপিং স্টাফ ১টি, লন্ড্রিম্যান ১, মেস স্টাফ ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commandant, Command Hospital AF, Agram Post, Bengaluru-560007.

অগ্রম, বেঙ্গালুরু: হাউস কিপিং স্টাফ ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commandant, MTC, AF, Agram, Bengaluru-560007.

বিদার: কুক (ও জি) ২টি, স্টেনোগ্রাফার গ্রেড-টু ৩, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ২টি, আয়া/ওয়ার্ড সহায়িকা ১টি, হাউস কিপিং স্টাফ ১০টি, মেস স্টাফ ৩টি, মাল্টি টাস্কিং স্টাফ ১০টি, ভালকানাইজার ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station, Bidar-585401.

তম্বরম, চেন্নাই: কুক (ও জি) ৬টি, সি এম টি ডি (ও জি) ৪টি, স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ৩টি, হাউস কিপিং স্টাফ ৮টি, মেস স্টাফ ৪টি, মাল্টি টাস্কিং স্টাফ ৬টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station, Tambaram, Chennai-600046.

তম্বরম, চেন্নাই: লোয়ার ডিভিশন ক্লার্ক ৪টি, হাউস কিপিং স্টাফ ৩টি, মাল্টি টাস্কিং স্টাফ ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, WTI, C/O AF Station, Tambaram, Chennai-600046.

তম্বরম, চেন্নাই: হিন্দি টাইপিস্ট ১টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ৩টি, স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, স্টোর কিপার ১টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, কার্পেন্টার ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৫টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, MTI, C/O AF Stn, Tambaram, Chennai-600046.

তম্বরম, চেন্নাই: লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি, স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, FIS, C/O AF Stn Tambaram, Chennai-600046.

কোয়েম্বাটুর: মেস স্টাফ ৫টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commandant, AFAC, Red Fields, Coimbatore-641018.

হায়দরাবাদ: কুক (ও জি) ৯টি, সি এম টি ডি (ও জি) ৩টি, স্টোর কিপার ২টি, হাউস কিপিং স্টাফ ৫টি, মেস স্টাফ ২টি, মাল্টি টাস্কিং স্টাফ ১০টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commandant, Air Force Academy, Hyderabad-500043.

সেকেন্দ্রাবাদ: কুক (ও জি) ৬টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ৪টি, স্টোর কিপার ১টি, আয়া/ওয়ার্ড সহায়িকা ১টি, কার্পেন্টার (এস কে) ৩টি, হাউস কিপিং স্টাফ ১৩টি, মেস স্টাফ ৩টি, মাল্টি টাস্কিং স্টাফ ১০টি, ভালকানাইজার ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, AF Station, Hakimpet, Secunderabad-500014.

সেকেন্দ্রাবাদ: হাউস কিপিং স্টাফ ২টি, মাল্টি টাস্কিং স্টাফ ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, 44 R&S (U), C/O AF Station, Hakimpet, Secunderabad-500014.

সেকেন্দ্রাবাদ: হাউস কিপিং স্টাফ ৪টি, মেস স্টাফ ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, AF Station, Begumpet, Bowenpally Post, Secunderabad-500011.

মেইন্টেন্যান্স কমান্ড ইউনিটস: নাগপুর: সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, স্টেনোগ্রাফার গ্রেড-টু ২টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ৪টি, হাউস কিপিং স্টাফ ৪টি, লন্ড্রিম্যান ২টি, মেস স্টাফ ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ১টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, HQ MC (U), Air Force, Vayusena Nagar, Nagpur-440007.

কানপুর: সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, কুক (ও জি) ৪টি, সি এম টি ডি (ও জি) ৪টি, এফ এম টি (এস কে) ৩টি, হাউস কিপিং স্টাফ ৫টি, মেস স্টাফ ৬টি, মাল্টি টাস্কিং স্টাফ ১০টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Air Force Station, Chakeri, Kanpur-208008.

কানপুর: এফ এম টি (এস কে) ৩টি, মাল্টি টাস্কিং স্টাফ ৫টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, 1, Base Repair Depot, Air Force, Chakeri, Kanpur-208008.

চণ্ডিগড়: কুক (ও জি) ৪টি, ফায়ারম্যান ১৪টি, হাউস কিপিং স্টাফ ১৩টি, মাল্টি টাস্কিং স্টাফ ৭টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Base Repair Depot, Air Force Station, Chandigarh-160003.

কানপুর: স্টোর কিপার ১টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি, হাউস কিপিং স্টাফ ৬টি, মাল্টি টাস্কিং স্টাফ ৮টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, 4 Base Repair Depot, Air Force, Chakeri, Kanpur-208008.

কোয়েম্বাটুর: সুপারিন্টেন্ডেন্ট স্টোর ৭টি, স্টোর কিপার ১টি, ফায়ারম্যান ১টি, এফ এম টি (এস কে) ১টি, হাউস কিপিং স্টাফ ৫টি, মেস স্টাফ ৪টি, মাল্টি টাস্কিং স্টাফ ৬টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Base Repair Depot, Air Force Station, Sulur, Coimbatore, Tamilnadu-641401.

নিউ দিল্লি: সুপারিন্টেন্ডেন্ট স্টোর ৫টি, স্টোর কিপার ১টি, কার্পেন্টার (এস কে) ২টি, হাউস কিপিং স্টাফ ৪টি, মেস স্টাফ ২টি, মাল্টি টাস্কিং স্টাফ ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Base Repair Depot, Air Force Station, Tughlakabad, P.O. Pushpa Bhawan, New Delhi-110062.

চেন্নাই: সুপারিন্টেন্ডেন্ট স্টোর ৫টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ৩টি, সি এস অ্যান্ড এস এম ডব্লু (এস কে) ২টি, এফ এম টি (এস কে) ২টি, টার্নার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, Base Repair Depot, Air Force Station, Avadi, Chennai-600055.

পুনে: কার্পেন্টার (এস কে) ১টি, হাউস কিপিং স্টাফ ৩টি, ডব্লু ও এম (এইচ এস) গ্রেড-টু ১টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Base Repair Depot, Air Force, Chandan Nagar, Opp. D'mello Petrol Pump Nagar Road, Pune-411014.

নাসিক: সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, হিন্দি টাইপিস্ট ১টি, কুক (ও জি) ৩টি, ফায়ারম্যান ২টি, হাউস কিপিং স্টাফ ৪টি, মেস স্টাফ ৪টি, মাল্টি টাস্কিং স্টাফ ৯টি, পেইন্টার (এস কে) ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Base Repair Depot, Air Force, Air Force Station, Ojhar, Nasik, Pin-422221 (Maharashtra).

নজফগড়: স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, মেস স্টাফ ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, Air Force Station, Bani Camp, Najafgarh, New Delhi-110043.

নিউ দিল্লি: সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, স্টেনোগ্রাফার গ্রেড-টু ২টি, কুক (ও জি) ৪টি, হাউস কিপিং স্টাফ ২টি, মেস স্টাফ ৪টি, মাল্টি টাস্কিং স্টাফ ৪টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, 13 Base Repair Depot, Air Force, Palam, New Pinto Park, New Delhi-110010.

দিল্লি ক্যান্টনমেন্ট: লেদার ওয়ার্কার (এস কে) ২টি, টেলর (এস কে) ৬টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, 16, Base Repair Depot, Opposite Sekhon Bihar, Palam, Delhi Cantt.-110010.

চেন্নাই: স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, কুক (ও জি) ৫টি, সি এম টি ডি (ও জি) ১০টি, কার্পেন্টার (এস কে) ৪টি, ফায়ারম্যান ৭টি, এফ এম টি (এস কে) ৩টি, হাউস কিপিং স্টাফ ৬টি, লন্ড্রিম্যান ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৫০টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Equipment Depot, Air Force Station Avadi, Avadi IAF (Post), Chennai-600055.

এলাহাবাদ: স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, এফ ই ডি ১টি, ফায়ারম্যান ১টি, হাউস কিপিং স্টাফ ৬টি, লন্ড্রিম্যান ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC Equipment Depot, Air Force Station, Manauri, Distt. Allahabad (UP)-212212.

নাসিক: সি এম টি ডি (ও জি) ৪টি, কার্পেন্টার (এস কে) ১টি, এফ ই ডি ৩টি, ফায়ারম্যান ৪টি, হাউস কিপিং স্টাফ ৫টি, মাল্টি টাস্কিং স্টাফ ১০টি, পেইন্টার (এস কে) ১টি, ভালকানাইজার ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Equipment Depot, Air Force, Air Force Station, Devlali (South)-422501, Distt- Nasik (Maharashtra)

বেঙ্গালুরু: লোয়ার ডিভিশন ক্লার্ক ৩টি, সি এম টি ডি (ও জি) ২টি, হাউস কিপিং স্টাফ ১টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Equipment Depot, Air Force, Vimanpura Post, Opp. HAL Helicopter Division, Bengaluru-560017.

নিউ দিল্লি: কার্পেন্টার (এস কে) ১টি, হাউস কিপিং স্টাফ ২টি, মাল্টি টাস্কিং স্টাফ ২টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, Equipment Depot, Air Force Palam, New Delhi-110010.

বেতুল, মধ্যপ্রদেশ: লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ২টি, কুক (ও জি) ৪টি, সি এম টি ডি (ও জি) ১টি, কার্পেন্টার (এস কে) ১টি, ফায়ারম্যান ২টি, হাউস কিপিং স্টাফ ৬টি, ট্রেডসম্যান মেট ২৩টি, লন্ড্রিম্যান ১টি, মেস স্টাফ ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৩টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Equipment Depot, Air Force, Amla Depot (PO), Dis. Betul, Madhyapradesh-460553.

কানপুর: স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, হাউস কিপিং স্টাফ ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৫টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, Upaskar Depot, Air Force Station, Chakeri, Kanpur, PIN-208008.

গোয়ালিয়র: সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, হাউস কিপিং স্টাফ ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৬টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, Equipment Depot, Air Force Station, Maharajapura, Gwalior, PIN-474020.

নিউ দিল্লি: কার্পেন্টার ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৬টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, Movement Control Unit, Air Force, Air Force Station, Palam, New Delhi-110010.

গুড়গাঁও: কার্পেন্টার ২টি, ফায়ারম্যান ১১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: CO, Air Stores Park, Air Force, Air Force Station, Gurgaon, Haryana-122005.

কানপুর: সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, আয়া/ওয়ার্ড সহায়িকা ৩টি, হাউস কিপিং স্টাফ ৪টি, মেস স্টাফ ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: AOC, Air Force Hospital, Nathu Singh Road, Cantonment Kanpur-208004.

সেন্ট্রাল এয়ার কমান্ড ইউনিটস: আগ্রা: স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, হাউস কিপিং স্টাফ ৩টি, লন্ড্রিম্যান ৩টি, মেস স্টাফ ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Agra (UP)-282008.

আগ্রা: মেস স্টাফ ২টি, মাল্টি টাস্কিং স্টাফ ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, Yaks, Air Force Station Agra (UP)-282008.

আগ্রা: কুক (ও জি) ২টি, মাল্টি টাস্কিং স্টাফ ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, Vigilant Eagle Air Force Station, Agra (UP)-282008.

বরেলি: ভালকানাইজার ১টি, মেস স্টাফ ২টি, আয়া ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station Bairely (UP)-243002.

গোরখপুর: মাল্টি টাস্কিং স্টাফ ২টি, মেস স্টাফ ১টি, হাউস কিপিং স্টাফ ২টি, আয়া/ওয়ার্ড সহায়িকা ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, Air Force Hospital, Air Force Station, Gorakhpur (UP)-273002.

প্রয়াগরাজ: স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, কুক (ও জি) ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ২টি, মেস স্টাফ ৩টি, লন্ড্রিম্যান ১টি, হাউস কিপিং স্টাফ ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Bamrauli, Prayagraj (UP)-211012.

গোয়ালিয়র: সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, কুক (ও জি) ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৫টি, মেস স্টাফ ২টি, হাউস কিপিং স্টাফ ৪টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station Maharajpur, Gwalior (MP)-474020.

গোয়ালিয়র: কুক (ও জি) ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৩টি, হাউস কিপিং স্টাফ ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commandant, Air Force Station Gwalior (MP)-474020.

ভোয়ালি, উত্তরাখণ্ড: কার্পেন্টার (এস কে) ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ২টি, মেস স্টাফ ১টি, লন্ড্রিম্যান ১টি, হাউস কিপিং স্টাফ ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, Air Force Station, Bhowali, Uttarakhand-263132.

প্রয়াগরাজ: স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, সিনিয়র কম্পিউটার অপারেটর ১টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৩টি, লন্ড্রিম্যান ১টি, হাউক কিপিং স্টাফ ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, Central (Unit), Air Force Station Bamrauli, Prayagraj (UP)-211012.

ইস্টার্ন এয়ার কম্যান্ড: কলাইকুন্ডা: সি এম টি ডি (ও জি) ২টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ৩টি, হিন্দি টাইপিস্ট ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৫টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Kalaikunda, West Bengal.

ব্যারাকপুর: কুক (ও জি) ৩টি, সি এম টি ডি (ও জি) ৪টি, হাউস কিপিং স্টাফ ৫টি, মেস স্টাফ ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ৩টি, ওয়ার্ড সহায়িকা ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, Air Force Station, Barrackpore, West Bengal.

ছাবুয়া, অসম: সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, হাউস কিপিং স্টাফ ৩টি, মেস স্টাফ ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ২টি, পেইন্টার (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Chabua, Assam.

হাসিমারা: সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, হাউস কিপিং স্টাফ ৩টি, মাল্টি টাস্কিং স্টাফ ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Hasimara, West Bengal.

বাগডোগরা: কুক (ও জি) ২টি, সুপারিন্টেন্ডেন্ট স্টোর ১টি, হিন্দি টাইপিস্ট ১টি, হাউস কিপিং স্টাফ ৩টি, লন্ড্রিম্যান ১টি, মাল্টি টাস্কিং স্টাফ ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Bagdogra, West Bengal.

কুম্ভীগ্রাম, অসম: কুক (ও জি) ১টি, হাউস কিপিং স্টাফ ২টি, মাল্টি টাস্কিং স্টাফ ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, Air Force Station, Kumbhi Gram, Assam.

দিনজন, অসম: কুক (ও জি) ২টি, লোয়ার ডিভিশন ক্লার্ক ১টি, হিন্দি টাইপিস্ট ১টি, স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি, হাউস কিপিং স্টাফ ৩টি, লন্ড্রিম্যান ১টি, টেলর (এস কে) ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander, Air Force Station, Dinjan, Assam.

সালুয়া, পশ্চিমবঙ্গ: স্টেনোগ্রাফার গ্রেড-টু: ১টি, সি এম টি ডি (ও জি) ২টি, হাউস কিপিং স্টাফ ২টি, মেস স্টাফ ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Station Commander Signal Unit, Air Force, Salua, West Bengal.

জোড়হাট, অসম: হাউস কিপিং স্টাফ ৫টি, লন্ড্রিম্যান ২টি, মেস স্টাফ ২টি, ওয়ার্ড সহায়িকা ৬টি, পেইন্টার ১টি, টেলর ১টি, টিন স্মিথ ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Hospital, Jorhat, Assam.

হাসিমারা: মাল্টি টাস্কিং স্টাফ ২টি, ওয়ার্ড সহায়িকা ৪টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Hospital, Hasimara, West Bengal.

শিলং: স্টেনোগ্রাফার গ্রেড-টু ৩টি, মেস স্টাফ ৩টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Commanding Officer, Headquarter, Eastern Air Command (Unit), Air Force Shillong, Meghalaya.

সাদার্ন এয়ার কমান্ড ইউনিটস: কোয়েম্বাটুর: হাউস কিপিং স্টাফ ৪টি, স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Station, Sulur, Coimbatore-641401.

গুন্টুর: মাল্টি টাস্কিং স্টাফ ৪টি, মেস স্টাফ ১টি, হাউস কিপিং স্টাফ ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: The Station Commander, AF Station, Suryalanka, Bapatla-Post, Guntur-Dist. (Andhra Pradesh).

মাইসোর: সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার ১টি, হাউস কিপিং স্টাফ ২টি, মাল্টি টাস্কিং স্টাফ ২টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: Air Officer Commanding, Air Force Selection Board, Chamundi Vihar Complex, Siddhartha Nagar, Mysore-570011.

বেঙ্গালুরু: কার্পেন্টার ১টি, হাউস কিপিং স্টাফ ২টি, মাল্টি টাস্কিং স্টাফ ২টি, সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার ৩টি, স্টেনোগ্রাফার গ্রেড-টু ১টি। দরখাস্ত পাঠাবার ঠিকানা: The Station Commander, Air Force Station Chimney Hills, Chikkabanavara, Bengaluru-560090.

শিক্ষাগত যোগ্যতা: সিনিয়র কম্পিউটার অপারেটর: ম্যাথমেটিক্স বা স্ট্যাটিস্টিক্সে স্নাতক, সঙ্গে ইলেক্ট্রনিক ডেটা প্রসেসিংয়ে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতন: সপ্তম বেতন কমিশনের লেভেল-৫ অনুসারে।

সুপারিন্টেন্ডেন্ট স্টোর: স্নাতক। সঙ্গে স্টোর হ্যান্ডলিং এবং অ্যাকাউন্টসের কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **স্টেনোগ্রাফার গ্রেড-টু:** উচ্চমাধ্যমিক, সঙ্গে শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ৮০টি শব্দের গতিতে ১০ মিনিট ধরে নেওয়া ডিক্টেশন কম্পিউটারে ইংরেজিতে ৫০ মিনিটে, হিন্দিতে ৬৫ মিনিটে টাইপ করার দক্ষতা থাকতে হবে। বেতন: এই দু'টি পদের ক্ষেত্রে সপ্তম বেতন কমিশনের লেভেল-৪ অনুসারে।

লোয়ার ডিভিশন ক্লার্ক ও হিন্দি টাইপিস্ট: উচ্চমাধ্যমিক, সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। **স্টোর কিপার:** উচ্চমাধ্যমিক, সঙ্গে স্টোর হ্যান্ডলিং এবং অ্যাকাউন্টসের কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (অর্ডিনারি গ্রেড):** মাধ্যমিক, সঙ্গে লাইট ও হেভি ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মোটর মেকানিজম বিষয়ে জ্ঞান থাকতে হবে। **কুক (অর্ডিনারি গ্রেড):** মাধ্যমিক, সঙ্গে ক্যাটারিংয়ে সার্টিফিকেট বা ডিপ্লোমা কোর্স পাশ। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **কার্পেন্টার, পেইন্টার, টেলর, টিনস্মিথ, কপারস্মিথ অ্যান্ড শীট মেটাল ওয়ার্কার:** মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। কপারস্মিথ অ্যান্ড শীট মেটাল ওয়ার্কার পদের ক্ষেত্রে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **ফিটার মেকানিক্যাল ট্রান্সপোর্ট:** মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। **লেদার ওয়ার্কার:** মাধ্যমিক, সঙ্গে লেদার গুডস মেকার ট্রেডে আই টি আই কোর্স পাশ। **টার্নার:** মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। **ফায়ারম্যান:** মাধ্যমিক, সঙ্গে রাজ্য ফায়ার সার্ভিস বা কোনও স্বীকৃত সংস্থা থেকে ফায়ার ফাইটিং ট্রেনিং নিয়ে থাকতে হবে। প্রয়োজনীয় যন্ত্রপাতি ব্যবহারে দক্ষতা থাকতে হবে। বিভিন্ন ধরনের ফায়ার অ্যাপ্লায়েন্সেস পরিচালনা ও রক্ষণাবেক্ষণের কাজে দক্ষতা থাকলে, দমকল বাহিনীতে ফায়ারম্যান হিসেবে কাজের

এরপর আটের পাতায়

কারেন্ট অ্যাফেয়ার্স

৮ মার্চ-১৪ মার্চ

৯ মার্চ ইস্তফা দিলেন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী ত্রিবেন্দ্র সিং রাওয়ত। উত্তরাখণ্ডে ভোট হওয়ার কথা আগামী বছরে। মুখ্যমন্ত্রী পদে চার বছর পূর্ণ হওয়ার কয়েকদিন আগেই ইস্তফা দিলেন তিনি। তাঁকে নিয়ে অনেকদিন ধরেই অসন্তোষ বাড়ছিল রাজ্য নেতৃত্বের মধ্যে। উত্তরাখণ্ডের অধিকাংশ বিধায়কেরই দাবি ছিল মুখ্যমন্ত্রীর মুখ বদল করা হোক।

১২ মার্চ রাজ্যে বিধানসভা ভোটের প্রাক্কালে, অর্থলগ্নি সংস্থার তদন্তে রাজ্যের শিক্ষামন্ত্রী তথা তৃণমূলের মহাসচিব পার্থ চট্টোপাধ্যায়কে তলব করল সিবিআই। তদন্তকারী সংস্থার দাবি, অর্থলগ্নি সংস্থা আইকোর-এর কর্তাদের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ ছিল পার্থবাবুর। পার্থবাবু অবশ্য এই অভিযোগ অস্বীকার করেছেন।

গণতন্ত্রের থেকে স্বৈরতন্ত্রের দিকে ভারত



১১ মার্চ: ভারত ক্রমশ নির্বাচিত গণতন্ত্র থেকে নির্বাচিত স্বৈরতন্ত্রে পরিণত হয়েছে বলে দাবি করল সুইডেনের একটি গবেষণা কেন্দ্রের রিপোর্ট। ভ্যারাইটিস অব ডেমোক্র্যাসি ইনস্টিটিউট নামে এই সংস্থা সারা পৃথিবীর গণতন্ত্রের হালহকিকত খতিয়ে দেখে তাদের বার্ষিক রিপোর্ট তৈরি করে থাকে। এই রিপোর্ট প্রকাশ করে তারা ভারতকে পাকিস্তানের সঙ্গে তুলনা করেছে। তাদের মতে, বাংলাদেশ এবং নেপাল গণতন্ত্রের মাপকাঠিতে ভারতের থেকে এগিয়ে রয়েছে। কংগ্রেস নেতা রাহুল গান্ধীও এই রিপোর্টের কথা টুইট করে অভিযোগ করেছেন, 'ভারতে এখন আর গণতন্ত্র নেই।' যদিও কেন্দ্রীয় সরকার পাল্টা দাবি করেছে এই রিপোর্ট ভুল এবং বিভ্রান্তিকর।

"বিচারপতি মালহোত্রের অবসরের পরে শীর্ষ আদালতে মাত্র একজন মহিলা বিচারপতি থাকবেন। প্রতিষ্ঠান হিসেবে এটা উদ্বেগের বিষয় বলেই আমি মনে করি। এ নিয়ে চিন্তাভাবনা করা উচিত। আমাদের দেশের বহুত্বের প্রতিফলন আদালতে হওয়া উচিত।"

বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়, *সুপ্রিম কোর্ট*

অবসরপ্রাপ্ত বিচারপতি ইন্দু মলহোত্রের সংবর্ধনায় বলতে গিয়ে সুপ্রিম কোর্টে মাত্র একজন মহিলা বিচারপতি থাকা প্রসঙ্গে

শব্দ উপগ্রহ পাঠাল ইসরো

১৩ মার্চ: পৃথিবীর বায়ুমণ্ডলের উপরের স্তরে 'নিউট্রাল উইন্ড ও প্লাজমার গতিবিধিতে' শব্দ তরঙ্গ কী প্রভাব ফেলে, সেই বিষয়গুলি নিয়ে গবেষণার উদ্দেশ্যে ইসরো রোহিণী সিরিজের কয়েকটি উপগ্রহ তৈরি করল। আর এইচ-২০০, আর এইচ-৩০০, আর এইচ-৫৬০ তাদের মধ্যে গুরুত্বপূর্ণ। উল্লেখ্য, আমরা জানি শব্দ বায়ু বা অন্য কোনও মাধ্যম পেলে তার মধ্য দিয়ে এগোয়। এ দিন শ্রীহরিকোটার উৎক্ষেপণ কেন্দ্র থেকে ইসরো আর এইচ-৫৬০ উপগ্রহটিকে উৎক্ষেপণ করে। পৃথিবীর বায়ুমণ্ডলের উপরের স্তরে শব্দ তরঙ্গ ছড়ানোর কাজ করছে সেটি।

নজিরবিহীন ক্ষতিপূরণ কৃষ্ণাঙ্গ জর্জ ফ্লয়েড-এর পরিবারকে

১৩ মার্চ: আমেরিকায় পুলিশের হাতে নিহত কৃষ্ণাঙ্গ যুবক জর্জ ফ্লয়েডের পরিবারকে রেকর্ড পরিমাণ ২ কোটি ৭০ লক্ষ ডলার (১৯৬ কোটি টাকা) ক্ষতিপূরণ দিয়ে মামলাটির নিষ্পত্তি করল মিনিয়াপোলিস সিটি কাউন্সিল। সেইসঙ্গে যে শ্বেতাঙ্গ পুলিশ অফিসার ফ্লয়েডের গলায় হাঁটু চেপে ধরার ফলে শ্বাসনালি ভেঙে ফ্লয়েড মারা যান বলে অভিযোগ, সেই ডেরেক শাভিনের বিরুদ্ধে অতিরিক্ত 'থার্ড ডিগ্রি' খুনের চার্জ গঠন করা হচ্ছে। ফ্লয়েড পরিবারের আইনজীবী বেন ক্র্যাম্প বলেছেন, 'এই বৃহত্তম ক্ষতিপূরণের ফলে সর্বত্র জোরাল বার্তা যাবে যে, কৃষ্ণাঙ্গদের জীবনের সত্যিই মূল্য আছে।'

পদ ছাড়লেন জোয়াকিম

৯ মার্চ: জার্মানির জাতীয় ফুটবল দলের প্রশিক্ষকের পদ ছাড়লেন জোয়াকিম লো। টানা ১৫ বছর জাতীয় দলের কোচ থাকার পর তাঁর এই সরে দাঁড়ানোর সিদ্ধান্ত। চলতি বছরে ইউরো কাপের পরই তিনি অব্যাহতি চেয়েছেন জার্মান ফুটবল ফেডারেশনের কাছে। ২০০৪ সালে ক্লিন্সম্যানের সহকারী হিসেবে জার্মানির জাতীয় দলে যোগ দিয়েছিলেন জোয়াকিম। তারপর ২০০৬ সাল থেকে তিনিই চিফ কোচ। তাঁর কোচিংয়ে ২০০৮ সালে ইউরো কাপে রানার্স। ২০১০ বিশ্বকাপে তৃতীয় স্থান, ২০১৪ বিশ্বকাপ চ্যাম্পিয়ন। ২০১৭ সালে কনফেডারেশন কাপ জয়। ২০১৮ মস্কো বিশ্বকাপে সাফল্য না এলেও ২০২২ পর্যন্ত তাঁকেই কোচ রাখতে চেয়েছিল ফেডারেশন।

সংযুক্ত মোর্চার শরিক কংগ্রেস এবং ইন্ডিয়ান সেকুলার ফ্রন্টের (আইএসএফ) জন্য আসন ছেড়ে রেখে বিধানসভা ভোটের তৃতীয় থেকে অষ্টম দফার জন্য প্রার্থী তালিকা ঘোষণা করল বামফ্রন্ট। তরুণ মুখরাই গুরুত্ব পেয়েছে এই তালিকায়। নন্দীগ্রামে তৃণমূলের মমতা বন্দ্যোপাধ্যায় ও বিজেপি-র শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে সিপিএম প্রার্থী করেছে যুব নেত্রী মীনাক্ষী মুখোপাধ্যায়কে। জেএনইউ-এর ছাত্র আন্দোলনের নেত্রী ঐশী ঘোষ, দীপ্সিতা ধর, যুবনেতা সায়নদীপ মিত্র, ছাত্রনেতা সৃজন ভট্টাচার্য, প্রতীক উর রহমান—সকলেই এ বার প্রার্থী হয়েছেন। এই তালিকায় বামেদের বর্তমান বিধায়কদের মধ্যে অন্তত ৬ জনের নাম নেই।

১১ মার্চ কোভিড নিয়ে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)-এর প্রথম উদ্বেগজনক বার্তার এক বছর কাটল। এক বছরে সংক্রামিত ১১ কোটি ৮৭ লক্ষের বেশি। প্রাণ হারিয়েছেন ২৬ লক্ষ ৩৪ হাজার ২০২ জন। অক্ষত নেই বিশ্বের প্রায় কোনও দেশই। গত এক বছরে লকডাউন, সোশ্যাল ডিসট্যান্সিং, মাস্ক পরা গোটা বিশ্বের কাছেই এক পরিচিত বিষয়। সংক্রমণ ও মৃত্যুর নিরিখে দীর্ঘদিন শীর্ষে রয়েছে আমেরিকা। ২ কোটি ৯৮ লক্ষ সংক্রমণ। ৫ লক্ষ ৪২ হাজার মৃত্যু।

১৩ মার্চ রাজ্যে কয়লা পাচার কাণ্ডে মূল অভিযুক্ত অনুপ মাজির ঘনিষ্ঠ বলে পরিচিত এক ব্যবসায়ীকে গ্রেপ্তার করল সিআইডি। বেআইনি কয়লা কারবারের মামলায় এটিই প্রথম গ্রেপ্তারি। পশ্চিম বর্ধমানের অণ্ডালের নবকাজোড়ায় বাড়ি থেকে রণধীর সিংহ নামে ওই ব্যক্তিকে ধরা হয়।

১৪ মার্চ নন্দীগ্রামে মুখ্যমন্ত্রীর দুর্ঘটনার পরিপ্রেক্ষিতে গাফিলতির অভিযোগে পশ্চিমবঙ্গের নিরাপত্তা অধিকর্তা বিবেক সহায়-কে পদ থেকে অপসারণ এবং সাসপেন্ড করল নির্বাচন কমিশন। একইসঙ্গে পূর্ব মেদিনীপুরের পুলিশ সুপার প্রবীণ প্রকাশকে সাসপেন্ড এবং পদ থেকে অপসারণ করেছে কমিশন। জেলাশাসক বিভু গয়ালকেও বদলি করে সেই পদে নতুন আধিকারিককে বসানো হয়েছে। মুখ্যমন্ত্রীর নিরাপত্তা বলয়ে আর কার কর্তব্যে গাফিলতি রয়েছে, তা-ও খুঁজে বার করার নির্দেশ রাজ্যের মুখ্যসচিব এবং রাজ্য পুলিশের ডিজি-কে দিয়েছে কমিশন। উল্লেখ্য, নিরাপত্তা অধিকর্তা বা ডিরেক্টর (সিকিয়োরিটি)-র অধীনেই মুখ্যমন্ত্রী-সহ রাজ্যের সব ভিআইপিদের নিরাপত্তা বলয় তৈরি হয়। নিরাপত্তার ক্ষেত্রে তিনিই রাজ্যে শীর্ষ দায়িত্বপ্রাপ্ত অফিসার।

ভারতের কৃষক বিক্ষোভ নিয়ে ব্রিটিশ পার্লামেন্টে মোদী সরকারের দমন নীতির সমালোচনা করে আলোচনা হওয়ায় প্রবল ক্ষোভ জানাল ভারত। ৮ মার্চের ওই আলোচনার পর নয়াদিল্লিতে ব্রিটেনের দূতকে তলব করে ভারতের প্রতিবাদের কথা জানিয়েছেন বিদেশসচিব হর্ষবর্ধন শ্রিংলা। ব্রিটিশ হাউস অব কমন্স-এ প্রায় দেড়ঘণ্টার আলোচনায় দলমত নির্বিশেষে এম পি-রা ভারতে কৃষক বিক্ষোভ আটকাতে মোদী সরকারের দমন নীতি নিয়ে সরব হন। বিক্ষোভকারীদের নিরাপত্তা দিতে ভারত সরকার যাতে ব্যবস্থা নেয় তার জন্য বরিস জনসন সরকারকে উদ্যোগ নিতে আর্জি জানিয়েছেন তাঁরা। এই বিতর্কের সূচনা করে স্কটিশ ন্যাশনাল পার্টির মার্টিন ডে বলেছেন, 'ব্রিটিশ সরকার আগেই জানিয়েছে, কৃষি সংস্কার ভারতের অভ্যন্তরীণ ব্যাপার। ফলে এই বিষয়ে প্রশ্ন তুলছি না। তবে বিক্ষোভকারীদের নিরাপত্তা নিয়ে আমরা চিন্তিত। যে ভাবে পুলিশ ও বিক্ষোভকারীদের সংঘর্ষ চলছে এবং টিয়ার গ্যাস, জলকামানের ব্যবহার হচ্ছে তাতে আমরা উদ্বিগ্ন।'

ভোটের মুখে নজিরবিহীন ভাবে সরিয়ে দেওয়া হল রাজ্য পুলিশের ডিজি বীরেন্দ্রকে। তাঁর পরিবর্তে রাজ্য পুলিশের নতুন ডিজি হয়েছেন পি নীরজনয়ন। নির্বাচন কমিশনের তরফ থেকে জারি করা নির্দেশিকায় এই বদলির কোনও সুস্পষ্ট কারণ ব্যাখ্যা করা না হলেও উল্লেখ করা হয়েছে, রাজ্যে নির্বাচনী প্রস্তুতির সর্বশেষ পরিস্থিতি খতিয়ে দেখে এই বদলি করা হচ্ছে।

প্রয়াত স্বামী বাগীশানন্দ

১২ মার্চ: রামকৃষ্ণ মঠ ও মিশনের প্রবীণতম সহ-অধ্যক্ষ স্বামী বাগীশানন্দ (৯১) প্রয়াত হলেন। ১৯৫৪ সালে স্বামী শঙ্করানন্দের কাছে দীক্ষা নিয়ে তিনি সারদাপীঠ কেন্দ্রে যোগ দেন। ১৯৬২ সালে স্বামী বিশুদ্ধানন্দের কাছে সন্ন্যাস গ্রহণ করেন। কয়েক বছর তিনি গোলপার্কের সহ সম্পাদক পদে ছিলেন। রাঁচি মোরাবাদি কেন্দ্রের প্রধান পদে ছিলেন। ১৯৯০ সালে রামকৃষ্ণ মঠ, বেলুড়ের অছি পরিষদ এবং রামকৃষ্ণ মিশনের গভর্নিং বডিতে যুক্ত হন। ২০১৪-র জুনে তিনি রামকৃষ্ণ মঠ ও মিশনের সহ-অধ্যক্ষ পদে নির্বাচিত হন।

ভারত-বায়োটেকের তৈরি কোভিড টিকা কোভ্যাক্সিন নিরাপদ বলে জানাল ল্যানসেট। কোভ্যাক্সিনের দ্বিতীয় পর্যায়ের ট্রায়াল বিশ্লেষণ করে মেডিক্যাল জার্নালটি জানাচ্ছে কোভ্যাক্সিনে কোনও পার্শ্বপ্রতিক্রিয়া নেই। এবং এটি কোভিড প্রতিরোধে সক্ষম (ইমিউনোজেনিক)। যদিও এই টিকার কার্যকারিতা মূল্যায়নে তৃতীয় পর্যায়ে প্রভূত পরীক্ষার প্রয়োজন রয়েছে বলেও জানিয়েছে ল্যানসেট। সম্প্রতি অবশ্য তৃতীয় পর্যায়ের ট্রায়ালের ফল প্রকাশ করেছে ভারত বায়োটেক। সেখানে দেখা গিয়েছে কোভ্যাক্সিনের কার্যকারিতা ৮১ শতাংশ।

১০ মার্চ উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পদ থেকে ত্রিবেন্দ্র সিং রাওয়ত সরে দাঁড়ানোর পর তাঁর জায়গায় নতুন মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিলেন পৌরীর বিজেপি সাংসদ তিরথ রাওয়ত। উত্তরাখণ্ডের আঞ্চলিক নেতৃত্বের কাছে এটা অবশ্যই বড় চমক। ত্রিবেন্দ্র পদ ছাড়বেন, এটা সিদ্ধান্ত হওয়ার পর থেকে সম্ভাব্য মুখ্যমন্ত্রী হিসেবে যে নামগুলো ঘুরছিল, তার মধ্যে ছিল না তিরথ-এর নাম। রাজ্যের শিক্ষামন্ত্রী অরবিন্দ পাণ্ডে যদিও জানিয়েছেন, ত্রিবেন্দ্রই বৈঠকে তিরথের নাম প্রস্তাব করেন।

রাজ্যসভায় এক লিখিত প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক জানাল, গত তিনবছরে পাকিস্তান, মায়ানমারের তুলনায় অনেক বেশি বাংলাদেশের মানুষ খোলা সীমান্তের সুযোগ নিয়ে ভারতে অনুপ্রবেশ করতে গিয়ে ধরা পড়েছেন। প্রসঙ্গত, বিদেশ থেকে আগতদের মধ্যে কারা নাগরিকত্ব সংশোধনী আইনে নাগরিকত্ব পাবেন, তা নিয়ে বাংলা ও অসমের ভোট-রাজনীতির ময়দানে যথেষ্ট বিতর্ক চলছে। এই বিতর্কের প্রেক্ষিতেই তথ্য দিতে গিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক জানিয়েছে গত তিনবছরে বাংলাদেশ থেকে ভারতে অনুপ্রবেশের সময় ধরা পড়েছে যথাক্রমে ৮২৫, ১০৪৪ ও ৯৪৩ জন। তুলনামূলক ভাবে ভারত-পাক সীমান্তে অনুপ্রবেশের ঘটনা কমেছে বলে জানিয়েছে কেন্দ্র।

নন্দীগ্রামে মনোনয়ন জমা দেওয়ার দিনই রোড শো চলাকালে পায়ে চোট পেয়ে আহত হলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর বাঁ-পায়ের পাতায় চিড় ধরেছে বলে জানানো হয়েছে। মুখ্যমন্ত্রী দাবি করেছেন এটা চক্রান্ত।

পাইকারি হারে কোভিড টিকা বানানোর সিদ্ধান্ত কোয়াডের

১৩ মার্চ: বৃহৎ মাত্রায় কোভিড প্রতিষেধক বানানোর জন্য জাপান এবং আমেরিকা টাকা দেওয়ার সিদ্ধান্ত নিল। সেই প্রতিষেধকটি হবে আমেরিকায় আবিষ্কৃত কোনও কোভিড টিকা। তার বিপুল উৎপাদন হবে ভারতে। কোল্ড চেন-সহ বিভিন্ন সহায়ক প্রযুক্তি ও পরিকাঠামো দেবে অস্ট্রেলিয়া। সেই প্রতিষেধক রপ্তানি হবে ভারত-প্রশান্ত মহাসাগরীয় দেশগুলিতে। আমেরিকা, ভারত, জাপান ও অস্ট্রেলিয়ার 'কোয়াড' বৈঠকের পর এই সিদ্ধান্ত হয়েছে। প্রধান বিরোধী দল কংগ্রেস অবশ্য এই উদ্যোগে ভারতবাসী কতটা উপকৃত হবে সেই প্রশ্ন তুলেছে। এই প্রসঙ্গেই বিদেশ সচিব হর্ষবর্ধন শ্রিংলা বলেছেন, 'এই উৎপাদনের ফলে দেশের অভ্যন্তরীণ সরবরাহ কোনওভাবে ক্ষতিগ্রস্ত হবে না।'

বিশ্ব র‍্যাঙ্কিংয়ে শীর্ষে উঠলেন পুনিয়া

৮ মার্চ: ভারতীয় কুস্তিগির বজরং পুনিয়া রোম র‍্যাঙ্কিং সিরিজ প্রতিযোগিতায় রুদ্ধশ্বাস জয় পেলেন। গতবারের চ্যাম্পিয়ন লড়াইয়ের একবারে শেষ দিকে দুই পয়েন্ট তুলে নিয়ে সোনা জয় নিশ্চিত করেন। ৬৫ কেজি বিভাগের এই লড়াইয়ে মঙ্গোলিয়ার তুলগা তুমুর অচিরের বিরুদ্ধে শুরুতে পিছিয়ে গিয়েও জয় তুলে নিলেন তিনি। এই সাফল্য ফের বিশ্ব র‍্যাঙ্কিংয়ে এক নম্বরে উঠে আসতে সাহায্য করল বজরং পুনিয়াকে। টোকিয়ো অলিম্পিক্সেও ভারতের পদক জয়ের অন্যতম ভরসা বলে মনে করা হচ্ছে তাঁকে।

কী পড়বেন, কোথায় পড়বেন

রৌরকেলার ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজিতে এম বি এ

মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন কোর্সে ভর্তি নিচ্ছে রৌরকেলার ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজি।

আসনসংখ্যা: ৭৫টি। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক, সঙ্গে ক্যাট বা ম্যাট বা সি-ম্যাট বা জেভিয়ার্স অ্যাপ্টিটিউড টেস্টে বৈধ স্কোর করে থাকতে হবে। জাতীয় স্তরের প্রতিযোগিতামূলক পরীক্ষায় প্রাপ্ত স্কোরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে গ্রুপ ডিসকাশন এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://eapplication.nitrkl.ac.in ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। অনলাইনে সাবমিট করা আবেদনপত্র এবং ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি পাঠাতে হবে। প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্রের প্রিন্ট আউট-ভরা খামের ওপর লিখবেন: Application for MBA admission 2021-23 (Second Round). আবেদনপত্র ৩ মে-র মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: HOD, School of Management, National Institute of Technology, Rourkela, Odisha, PIN-769 008. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

এগ্রি বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স

এগ্রি বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নেবে পুনের বৈকুণ্ঠ মেহতা ন্যাশনাল ইনস্টিটিউট অব কো-অপারেটিভ ম্যানেজমেন্ট। এটি কেন্দ্রের কৃষি এবং কৃষক কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। কোর্সটি অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন কর্তৃক স্বীকৃত। কোর্সের মেয়াদ ২ বছর।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে কমন অ্যাডমিশন টেস্ট (ক্যাট) বা ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট (ম্যাট) বা এ টি এম এ বা সি-ম্যাট বা বা জি-ম্যাট বা জেভিয়ার্স অ্যাপ্টিটিউড টেস্ট— এর মধ্যে যে-কোনও একটি জাতীয় স্তরের প্রবেশিকা পরীক্ষায় বৈধ স্কোর করে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য আসন সংরক্ষিত থাকবে। কোর্স চলাকালীন কিছু ছাত্রছাত্রী স্কলারশিপ পাবেন। প্রাথমিক ভাবে প্রার্থীদের বাছাই করা হবে জাতীয় স্তরের প্রবেশিকা পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। নির্বাচিতদের গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কল্যাণী। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.vamnicom.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। আবেদন করা যাবে ১৫ এপ্রিল পর্যন্ত। অনলাইনে বা ডিমান্ড ড্রাফটের মাধ্যমে ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ইসরোতে চাকরি প্রথম পাতার পর

এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। পারচেজ অ্যান্ড স্টোর্স অফিসার: ৯টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণ ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত।

সেমি-কন্ডাক্টর ল্যাবরেটরি, চণ্ডীগড়: অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার: ২টি (সাধারণ)। অ্যাকাউন্টস অফিসার: ২টি (সাধারণ)। পারচেজ অ্যান্ড স্টোর্স অফিসার: ৩টি (সাধারণ)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত।

শিক্ষাগত যোগ্যতা: অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদের ক্ষেত্রে এইচ আর বা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনে এম বি এ, সেই সঙ্গে সুপারভাইজরির কাজে ১ বছরের অভিজ্ঞতা। অথবা স্নাতকোত্তর ডিগ্রি, সেই সঙ্গে ১ বছরের সুপারভাইজরির অভিজ্ঞতা-সহ সংশ্লিষ্ট কাজে মোট ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা স্নাতক, সেই সঙ্গে ২ বছরের সুপারভাইজরির অভিজ্ঞতা-সহ সংশ্লিষ্ট কাজে মোট ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অ্যাকাউন্টস অফিসার পদের ক্ষেত্রে এ সি এ বা এফ সি এ বা এ আই সি ডব্লু এ বা এফ আই সি ডব্লু এ অথবা ফিনান্স বা ব্যাঙ্কিং পাবলিক সিস্টেমসে এম বি এ, সেই সঙ্গে সুপারভাইজরির কাজে ১ বছরের অভিজ্ঞতা। অথবা এম কম, সেই সঙ্গে ১ বছরের সুপারভাইজরির অভিজ্ঞতা-সহ সংশ্লিষ্ট কাজে মোট ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা বি কম বা বি বি এ বা বি বি এম, সেই সঙ্গে ২ বছরের সুপারভাইজরির অভিজ্ঞতা-সহ সংশ্লিষ্ট কাজে মোট ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। পারচেজ অ্যান্ড স্টোর্স অফিসার পদের ক্ষেত্রে মার্কেটিং বা মেটিরিয়ালস ম্যানেজমেন্টে এম বি এ, সেই সঙ্গে সুপারভাইজরির কাজে ১ বছরের অভিজ্ঞতা। অথবা স্নাতক, সঙ্গে মেটিরিয়ালস ম্যানেজমেন্ট বা পারচেজ অ্যান্ড স্টোর্স সংশ্লিষ্ট যে-কোনও বিষয়ে স্নাতকোত্তর ডিপ্লোমা, সেই সঙ্গে ১ বছরের সুপারভাইজরির অভিজ্ঞতা-সহ সংশ্লিষ্ট কাজে মোট ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা স্নাতকোত্তর ডিগ্রি, সেই সঙ্গে সুপারভাইজরির কাজে ১ বছরের অভিজ্ঞতা-সহ সংশ্লিষ্ট কাজে মোট ৩ বছরের অভিজ্ঞতা। অথবা স্নাতক, সেই সঙ্গে ২ বছরের সুপারভাইজরির অভিজ্ঞতা-সহ সংশ্লিষ্ট কাজে মোট ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। স্নাতক এবং স্নাতকোত্তরের ক্ষেত্রে প্রার্থীর মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকতে হবে।

বয়স: ২১-৪-২০২১ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

বেতনক্রম: মূল বেতন ৫৬,১০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.isro.gov.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২১ এপ্রিল। ফি বাবদ দিতে হবে ২৫০ টাকা। অনলাইনে ইন্টারনেট ব্যাঙ্কিং বা ডেবিট কার্ডের মাধ্যমে অথবা অফলাইনে নগদে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় ফি জমা দেওয়া যাবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

করোনার পর ইন্টারভিউয়ে প্রশ্নের ধরন বদলেছে

অভিষেক সিং
ডিরেক্টর
রুট টু মার্কেট মিডিয়া ইন্ডিয়া
প্রাক্তন হেড, সেলস অ্যান্ড মার্কেটিং, ফিলিপস, বাংলাদেশ

চাকরির জন্য নিজেকে গড়ে তোলার পদ্ধতি আগে যেমন ছিল, এখনও তেমনই আছে, শুধু করোনা প্রভাবিত বছরের পর কিছু নতুন বিষয় বা নতুন ধরনের প্রশ্ন যোগ হচ্ছে ইন্টারভিউয়ে সময়ের হেরফেরে প্রশ্নের ধাঁচে এরকম বদল আসেই। এর সঙ্গে মানিয়ে নিতে পারাকেই সময়োপযোগী থাকা বলে।

আমাদের চারপাশে প্রতিনিয়ত যেসব পরিবর্তন ঘটছে, সে সম্পর্কে জানা, নতুন তথ্য সংগ্রহ, পৃথিবীর বিভিন্ন প্রান্তের খবর রাখা চাকরির প্রস্তুতির মধ্যেই পড়ে। চলতি কথায় একে বলা হয় সাধারণ জ্ঞান বা কারেন্ট অ্যাফেয়ার্স। করোনা-কালে পরিবর্তনগুলো খুব বড় মাত্রার। সর্বত্রই সেসব নিয়ে আলোচনা চলেছে। ফলে এই ঘটনাবহুল বর্তমান সম্পর্কে ওয়াকিবহাল থাকাটা খুব কঠিন কাজ নয়। রোজকার খবরের কাগজ, টেলিভিশনের অনুষ্ঠান, ইন্টারনেট, বই, ম্যাগাজিন, জার্নাল ইত্যাদি ভালো ভাবে অনুসরণ করলে বহু তথ্য পাওয়া যাবে।

এখন যে-কোনও ইন্টারভিউয়ে অবশ্যম্ভাবী প্রশ্ন হল: অতিমারির সময় তুমি কী ভাবে কাটিয়েছ? অতীতে 'নিজের সম্পর্কে বলো'— এই প্রশ্নটি ছিল সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রশ্ন। এর উত্তরেই নিজের দক্ষতার উল্লেখযোগ্য দিকগুলো তুলে ধরা যেত ইন্টারভিউয়ারের সামনে।

ভেবে দেখো, আগে যে-সুযোগ ইন্টারভিউয়ে একবারই পেতে, এখন সেই সুযোগই তোমার সামনে দু'বার আসবে। 'নিজের সম্পর্কে বলো'-র উত্তরে নিজেকে যথাযথ ভাবে উপস্থাপন তো করবেই, উপরন্তু করোনা-য় বিপর্যস্ত সময়ের কথা বলার সময়ও নিজের দক্ষতা সম্পর্কে যতটা সম্ভব নতুন তথ্য অবশ্যই জানিয়ে দেবে।

ইন্টারভিউয়ে প্রশ্নের ধরন কী ভাবে পালটে গিয়েছে তা কয়েকটা উদাহরণ দিলে বুঝতে সুবিধা হবে।

নমুনা প্রশ্ন ১— লকডাউনের সময় তুমি কী ভাবে কাটিয়েছিলে?
তুমি যদি কোনও কোর্স করে থাকো বা সাময়িক ভাবে কোনও চাকরি বা কাজের অভিজ্ঞতা হয়ে থাকে, সেটাই গুছিয়ে বলো। যদি এই সময়টায় বলার মতো কিছুই না করে থাকো, কোনও মানসিক চাপের মধ্যে কাটিয়ে থাকো, সেটাও বলতে পারো। তবে সে ক্ষেত্রে কী ভাবে অবসাদ কাটিয়ে উঠলে সেই লড়াইয়ের কথাটা জোর দিয়ে অবশ্যই বলতে হবে।

নমুনা প্রশ্ন ২— অতিমারির সময় তুমি নিজের সম্পর্কে কী জানলে?
এই প্রশ্নের মধ্য দিয়ে প্রার্থীর পরিস্থিতি সামলাবার ক্ষমতা কতটা, তা বোঝার চেষ্টা করে থাকেন ইন্টারভিউয়াররা। প্রার্থীর মানবিক গুণ, চরিত্রগত বৈশিষ্ট্য ইত্যাদিও যাচাই করেন।

নমুনা প্রশ্ন ৩— বাড়ি থেকে অফিসের কাজ করতে পারবে কি?
অতিমারির সময় অনেক সংস্থাই কর্মীদের বাড়ি থেকে কাজ করার ব্যবস্থা করেছে। অতিমারির প্রকোপ কিছু কমার পরও সেই ব্যবস্থাই বজায় রয়েছে। এর ফলে সংস্থাগুলির বিপুল আর্থিক সাশ্রয় হয়েছে, এ কথা প্রমাণিত। ফলে তোমার যদি বাড়ি থেকে কাজে আপত্তি থাকে, তাহলে সেই অনুযায়ী সংস্থা বেছে নিতে হবে।

নমুনা প্রশ্ন ৪— করোনা ভাইরাস কী? তার উৎপত্তি, প্রভাব, সুরক্ষা, স্বাস্থ্যবিধি সম্পর্কে বলো।
বর্তমানে ইন্টারভিউ দিতে যাওয়ার আগে করোনা ভাইরাস সম্পর্কে যতটা সম্ভব জেনে যাওয়া ভালো।

নমুনা প্রশ্ন ৫— বাড়ি থেকে অফিসের কাজ করার সময় তুমি কী ভাবে সারাদিনের কাজকর্ম অর্গানাইজ করো?
এই ধরনের প্রশ্নের উত্তরে খুব সুপরিকল্পিত রুটিন গোছের দিনলিপি তৈরি রাখতে হবে, যেখানে অবসর সময়ের উল্লেখও অবশ্য থাকবে।

মোট কথা, এ সময়ে ইন্টারভিউ দেওয়ার আগে প্রস্তুতি হিসেবে তোমাকে অবশ্যই ভাবতে হবে বিগত বছরটি কী ভাবে কাটিয়েছ। বিগত বছরটি সম্পর্কে কী-কী প্রশ্ন আসতে পারে তার একটি তালিকা বানিয়ে রেখো। উত্তরগুলোও তৈরি থাকলে ইন্টারভিউ অনেকটাই তোমার আয়ত্তে থাকবে। মানসিক ভাবেও যে-কোনও প্রশ্নের মোকাবিলা করতে তুমি প্রস্তুত থাকবে।

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

কেন্দ্রীয় সরকারে ৮২২ অফিসার

সিভিল সার্ভিসেস ও ফরেস্ট সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

গত সংখ্যার পর

31. The Cininnurus magnificus is:
(a) a patch of cleared earth in the rain forest (b) a plaec where his hut is located (c) the magnificent bird of paradise (d) the stage in the rainforest

32. An 'iridescent-green breast shield' means:
(a) a shield worn by the bird to protect itself (b) a description of the surroundings (c) a piece of twig used by the bird in its performance (d) the bright, clourful feathers of the bird

33. The most 'resplendent specimen' means"
(a) extravagant and gaudy (b) bright and colourful (c) appalling and ugly (d) beautiful and gentle

34. The bird performs for:
(a) no one (b) sheer enjoyment (c) the author (d) female birds

35. The synonym for 'optimize' is:
(a) to enlarge (b) to improve vision (c) to see clearly (d) to make best use of

'Passage'

One conspicuous question in the modern Journals is: How can I develop a personality ? Ursula Bloom gives this noteworthy advice to young people: Please do not do as I did, at your age, and waste years copying other people. Of old, to the same question asked by Greek youth, Socrates replied: Know yourself! That was excellent advice; but it did not satisfy, because it did not go far enough. When Roman youth questioned Marcus Aurelius, he said: Be yourself! To the youth of om atomic age, the Psychologist says: Develop yourself! that is the answer to the question; what is personality? Personality is the development of oneself.

36. The Greek Philosopher Socrates Promoted ____.
(a) tested-knowledge (b) borrowed-knowledge (c) referred-knowledge (d) self-knowledge

37. The question on personality development has ____.
(a) no answers (b) a definitive answer (c) non definitive answers (d) correct answers

38. Marcus Auretius Preached to the Roman youth of his day to:
(a) be themselves (b) know themselves (c) express themselves (d0 understand themselves

39. The development of oneself _____ the question on, what is personality?
(a) partly answers (b) does not give a satisfactory answer to (c) gives an unsatisfactory answer to (d) satisfactorly answers

40. Ursula Bloom propagated that young people should:
(a) not copy others (b) give advice (c) copy others (d) not waste years

Passage

A small band of biologists share a dream-to find species of sea or land animals hitherto completely, unknown or to discover living examples of animals thought to have died out ages ago. Finds made in this century encourage these dreamers, whose field is aptly named cryptozoology-literally, the science of hidden animals.

Size and habitat are often responsible for an animal's having been overlooked. Not surprisingly, a bumblebeesize bat that lives in caves in Thailand eluded detection until 1973. But larger animals in less remote sites have also remained hidden. Herds of a species of peccary supposedly extinct since the last ice age, for instance, were found in Paraguay in 1975.

Native people sometimes offer scientists useful clues. An unusual feather in a local's hat sparked the discovery of a showy African peacock in 1936, and accounts of giant lizards on the Indonesian island of Komodo proved not to be mere myth when naturalist P.A.Ouwens identified four of the creatures captured in 1912. As cryptozoologists follow such leads into little-explored areas, they remain optimistic that it is not too late to uncover sensational surprises.

41. Herds of a species of peccary supposedly extinct since the last ice age were discovered in:
(a) 1912 (b) 1975 (c) 1973 (d) 1936

42. ____ still look forward to discovering sensational surprises.
(a) The naturalists (b) The natives (c) A small band of biologists (d) P A Ouwens

43. The dream of the cryptozoologists is to find:
(a) All of the given options (b) Species of sea or land animals hitherto completely unknown (c) Living examples of animals thought to have died out ages ago (d) Hidden, supposedly extinct animals

44. An unusual feather in a local's hat sparked the discovery of a showy African Peacock in______.
(a) 1912 (b) 1975 (c) 1973 (d) 1936

45. Often the cryptozoologists get a lot of leads from ___.
(a) native people (b) legends (c) myths (d) the animals size and habitat

46. It is the ____ of the cryptozoologists that keep their dream alive.
(a) spirit (b) curiosity (c) love for adventure (d) finding

47. Giant lizards on the Indonesian Island of Komodo were discovers in:
(a) 1975 (b) 1973 (c) 1912 (d) 1936

48. Myth refer to:
(a) legends (b) love stories (c) historical stories (d) traditional stories involving supernatural beings or events

49. Often ____ responsible for an animal having been overlooked
(a) unexplored areas remain (b) the resigning nature of the scientist themselves is (c) the uniqueness of the animals themselves is (d) size and habitat are

50. A bumblebee-size bat that lives in caves in Thailand was discovered in____.
(a) 1975 (b) 1973 (c) 1912 9d) 1936

Passage

The recent change to all-volunteer armed forces in the United States will eventually produce a gradual increase in the proportion of women in the armed forces and in the variety of women's assignments, but probably not the dramatic gains for women that might have been expected. This is so even though the armed forces operate in an ethos of institutional change oriented toward occupational equality and under the federal sanction of equal pay for equal work. The difficulty is that women are unlikely to be trained for any direct combat operations. A significant portion of the larger society remains uncomfortable as yet with extending equality in this direction. Therefore, for women in the military, the search for equality will still be based on functional equivalence, not identity or even similarity of task. Opportunities seem certain to arise. The growing emphasis on deterrence is bound to offer increasing scope for women to become involved in novel types of noncombat military assignments.

51. The primary purpose of the passage is to:
(a) Present the new United States all-volunteer armed forces as a model case of equal employment Policies in action (b) analyze reforms in the new United States all-volunteer armed forces necessitated by the increasing number of women in the military (c) Present an overview of the different types of assignments available to women (d) Present a reasoned prognosis of the status of women in the new United States all-volunteer armed forces

52. It can be inferred from the passage that:
(a) The Government sanctions equal pay for equal work (b) The society encourages increased participation of women in direct combat (c) Opportunities for women in military are certain to decline (d) The change to all-volunteer armed forces took place many years ago

53. A suitable title for the passage might be:
(a) Current status of women in US teaching service (b) Current status of women in US military (c) Current status of women in US navy (d) Current status of women in US air force

54. The world 'opportunities' used in the passage may be replaced by all except:
(a) tailures (b) openings (c) prospects (d) scope

55. It can be inferred from the passage that after the recent change:
(a) Everyone joins the military willingly (b) Some join willingly, some are forced (c) men are forced, women join willingly (d) Everyone joins the military under compulsion

56. The 'dramatic gains for women' and change in the attitude of a 'significant portion of the larger society' are logically related to each other in as much as the author puts forward the latter as:
(a) a reason for some of the former being lost again (b) the major reason for absence of the former (c) a public response to achievement of the former (d) a Pre-condition for any prospect of achieving the former

57. Which is closest in sense to the word 'novel' used in the passage?
(a) dull (b) boring (c) prosaic (d) new

58. According to the passage, despite the United States armed

এরপর সাতের পাতায়

রাজ্য পুলিশে ৮৬৩২ কনস্টেবল

নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

গত সংখ্যার পর

9(b): $8 - 2 = 6$ কিলোমিটার $= 6000$ মিটার
6000 মিটারের জন্য লাগে $= (6000 \div 200) \times 1.5 = 30 \times 1.5$ টাকা $= 45$ টাকা
অতএব, মোট লাগে $16 + 45 = 61$ টাকা।

11(b): ধরা যাক, 12 বছর আগে কন্যার বয়স x বছর
$\therefore$ 12 বছর আগে পিতার বয়স 3x বছর $\therefore (x + 12) + (3x + 12) = 72$
বা, $4x + 28 = 72$ বা, $4x = 72 - 28 = 48$ বা, $x = \frac{48}{4}$ বা, $x = 12$
$\therefore$ পিতার বর্তমান বয়স $= 3 \times 12 + 12 = 48$ বছর।

14(c): 11 13 17 19 23 25 $\boxed{29}$
+2 +2 +2 +8 +2 +8

17(d): ক্রয়মূল্যের $95\% = 228$ টাকা
ক্রয়মূল্যের $110\% = \left(\frac{228}{95} \times 110\right)$ টাকা $= 264$ টাকা।

20(c): $(x + 1)^2 - x^2 = 81$ বা, $x^2 + 2x + 1 - x^2 = 81$
বা, $2x = 81 - 1$ বা, $x = 40$ $\therefore$ বড় সংখ্যা $= 40 + 1 = 41.$

24(d): $2 \times 2 = 4 \Rightarrow (4)^2 = 16, \quad 2 \times 3 = 6 \Rightarrow (6)^2 = 36$
$2 \times 4 = 8 \Rightarrow (8)^2 = 64, \quad 2 \times 6 = 12$
$\therefore ? = (12)^2 = \boxed{144}$

28(d): $(2 + 1 + 5)^2 = 64$
একইভাবে $(4 + 3 + 7)^2 = 196$

25(c): বড় সংখ্যা $= 729 - 57 = 672$
বিয়োগফল $= 672 - 57 = 615$

33(b):
$$\begin{array}{ll} A : B & = 2 : 3 \\ B : C & = 4 : 5 \\ \hline A : B : C & = 8 : 12 : 15 \end{array}$$
$\therefore$ A পায় $= \frac{700 \times 8}{35} = 160$ টাকা।

34(c): নিয়মানুসারে, $24 \times 2 = 48, 36 \times 2 = 72$
$\frac{24}{4} + 24 = 30, \frac{36}{4} + 36 = 9 + 36 = 45$
$48 \times 2 = 96, \frac{48}{4} + 48 = 12 + 48 = \boxed{60}$

36(d): $(1)^2 + 1 = 2, (2)^2 + 2 = 6, (3)^2 + 6 = 15, (5)^2 + 15 = 40$
$(8)^2 + 40 = 104.$

37(a): $(12)^2 + \frac{12}{4} = 144 + 3 = 147.$

38(a):
Sunday Monday Wednesday Saturday Wednesday Monday Sunday Sunday
+1 +2 +3 +4 +5 +6 +7

41(c): $(1)^3 + (2)^3 = 9, (3)^3 + (4)^3 = 27 + 64 = 91$
$(5)^3 + (6)^3 = 125 + 216 = 341.$

44(b): $\sqrt{0.0016} = \sqrt{0.04 \times 0.04} = 0.04.$

45(d): $25 + 27 = 52, 23 + 30 = 53, 33 + 21 = 54$
$? + 36 = 55, ? = 55 - 36 = 19.$

46(a): $\frac{(2.3)^3 + (0.3)^3}{(2.3)^2 - 2.3 \times 0.3 + 0.3 \times 0.3}$
ধরা যাক, $2.3 = a$ এবং $0.3 = b$ $\therefore \frac{a^3 + b^3}{a^2 - ab + b^2} = a + b = 2.3 + 0.3 = 2.6.$

47(d): ধরা যাক, $0.796 = a$ এবং $0.204 = b$
$= \frac{a \times a - b \times b}{a - b} = \frac{a^2 - b^2}{a - b} = \frac{(a + b)(a - b)}{a - b} = a + b = 0.796 + 0.204 = 1.$

48(a): a b /a b /ab/ab/ a b/a b .

50(a): $7 + 8 + 2 = 17 + (3) = 30, 6 + 7 + 1 = 14 + (3) = 17$
$8 + 8 + 4 = 20 + (3) = 23.$

51(c):



$\therefore$ C হল D-এর শাশুড়ি।

54(b): 15 39 74 122 185 265
+24 +35 +48 +63 +80
+11 +13 +15 +17

55(c):



এরপর সাতের পাতায়

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

কেন্দ্রীয় সরকারে ৮২২ অফিসার

সিভিল সার্ভিসেস ও ফরেস্ট সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

ছয়ের পাতার পর

forces commitment to occupational equality for women in the military, certain other factors preclude women:
(a) having access to positions of responsibility (b) drawing assignments from a wider range of assignments than before (c) being assigned all of the military tasks that are assigned to men (d) receiving equal pay for equal work
59. Which sent once is an incorrect one?
(a) opportunities seem certain to arise (b) The difficulty is that women ore likely to be trained for any direct combat operation (c) The difficulty is that women are unlikely to be trained for any direct combat operation (d) The recent change to all voluntary armed forces in US will produce a gradual increase in the proportion of women
60. The passage implies which of the following is a factor conducive to a more equitable representation of women in the United States armed forces than has existed in the past?
(a) The past service records of women who had assignments functionally equivalent to men's assignments (b) The level of awarness on the part of the larger society of military issues (c) The all-volunter character of the present armed forces (d) An increased decline in the proportion of deterrence oriented non-combat assignments

Data Interpretation And Sufficiency

Direction (61 to 65): *Study the table and answer the given questions.*

Total exports of six countries over five years (in ₹ crores)

Year / Country	1998	1999	2000	2001	2002
P	20	40	60	45	90
Q	30	25	15	50	100
R	50	55	70	90	65
S	45	60	20	15	25
T	60	50	55	100	110
U	24	40	60	75	120

Note: Profit = Exports – Inports
61. What was the profit of all countries together in year 2002 if the total imports of all the countries together was Rs. 385 crores?
(a) 125 (b) 160 (c) 280 (d) 240
62. If the respective ratio of export to import in country S and country U is 1 : 2 and 4 : 1 in the year 1998, then what is the total imports of country U and S together in that particular year?
(a) 52 (b) 96 (c) 35 (d) 64
63. If the export of country P in the year 2003 is 20% more than the total exports of country Q in 2001 and export of country T in 2000 together, then what was the profit of P in the year 2003 if its imports were Rs. 92 crores for that year?
(a) 34 (b) 46 (c) 58 (d) 22
64. By what precent the average export of country T over all the given years more-than the average export of country R over all the given years?
(a) $13\frac{7}{11}$ % (b) $9\frac{1}{11}$ % (c) $13\frac{5}{7}$ % (d) $4\frac{7}{11}$ %
65. What is the present increase in the exports of all the countries together in the year 1999 to 2001? (rounded off the two digits after decimal)
(a) 88.89% (b) 72.39% (c) 38.89% (d) 62.89%

Direction (66 to 70): *Refer to the pio chart and the table and answer the given questions.*

Distribution of total number of cellular phones (both Nokia and Samsung) sold by six stores in October.



Total number = 11200

Store	Respective ratio of number of Nokia cellular phones sold to the number of Samsung cellular phones sold
P	4 : 3
Q	3 : 1
R	5 : 4
S	7 : 6
T	1 : 4
U	11 : 10

66. What is the phones sold by stores P, R, S and T together?
(a) 1008 (b) 1048 (c) 984 (d) 1006
67. Number of Nokia cellular phones sold by store R is what per cent more than the total number of Samsung cellular phones sold by stores P and Q together?
(a) $23\frac{1}{17}$ % (b) $19\frac{5}{17}$ % (c) $20\frac{3}{17}$ % (d) $17\frac{11}{17}$ %
68. What is the central angle corresponding to total number of cellular phones (both Nokia and Samsung) sold by store S?
(a) 99.2° (b) 93.6° (c) 105.6° (d) 97.4°
69. What is the respective ratio between number of Nokia cellular phones sold by store S and total number of Samsung cellular phones sold by stores T and U together?
(a) 43 : 72 (b) 49 : 76 (c) 49 : 72 (d0 35 : 66
70. Total number of cellular phones (both Nokia and Sumsung) sold by stores Q increased by 15% from October to November and total number of cellular phones (both Nokia and Samsung) sold by stone T increased by 5% less October to November. What was the total number of cellular phones sold by stores Q and T together in November?
(a) 3540 (b) 3720 (c) 3640 (d) 3420

Direction (71 to 80): *Given below are six items. Each item describes a situation and is followed by tom possible responses. Indicate the response you find most appropriate.*

71. You are travelling in a bus from Mumbai to Goa, where you realize that some one has left his/her wallet you would.
(a) give the money to the beggar (b) hand it over to the bus conductor (c) try to find his/her contact number and inform the owner (d) leave the wallet as it is
72. An office guard has to be motivated to be vigilant while guarding the office store. How he should be motivated?
(a) By telling him that he could be considered for promotion if he performs satisfactorily (b) An entry in his service record will be made that he is extremely sincere (c) He will be publicity garlanded for his distinguisted services (d) His monthly salary will be increased by Rs. 500
73. You are the superintendent of police of a city. A celebrity approaches you and asks you for a security cover because he has been receiving anonymous death threats you will:
(a) Provide temporary security cover (b) Ignore the demand of the celebrity as he is rich enough to maintain a Private security cover (c) tell him to relax as these calls are just pranks (d) check the threat allegation and make an assessment of the threat perception
74. There is a major problem of antimicrobial resistance super bug in ground water of Delhi. To overcome this problem what should be the best solution?
(a) Banning use of antibiotics and to switch over to Ayurveda (b) Not to pay any attention to such findings of lancet study (c) To look at the option of regulated and guided use of antibiotics (d) To leave it to the people looking at their preferences and choices
75. A women approaches an NGO working for woman issues dealing with some marital dispute, than what could be the best feasible course of Action in such matters?
(a) To place the matters before the local comt for hearing with pro-active approach (b) to summon related family members for hearing and pursue the matter (c) to make effort for counselling and reconciliation (d) to suggest the woman to tile for the divorce case in the appropriate court
76. There is a team working for some social welfare organization. The team wants to be creative constructive and performing, then the decisions of the team members should be:
(a) Factual (b) Prompt (c) Reasoned (d) Varying
77. You are the principal of a school and you get an offer of bribe from an influential person who is the father of a student to promote him to next standert, you will:
(a) Accept the offer and promote his ward (b) Ignore his offer and concentrate on your own work in ethical manner (c) Lodge an FIR against him (d) Meet his and negotiate on more amout to be
78. You have to hire boats at shont notice to be used for floods. But the lowest offered price was approx 5 times what the government had approved. So you would:
(a) reject the proposal and call for fresh price (b) accept the lowest price (c) refer the matter to govarnment and wait (d) threaten the best owners about possible cancellation of licence

Answers

31(c), 32(d), 33(b), 34(d), 35(d), 36(d), 37(c), 38(a), 39(d), 40(a), 41(b, 42(c), 43(c), 44(d), 45(a), 46(d), 47(c) 48(a), 49(d), 50(b), 51(d), 52(a), 53(b), 54(a), 55(b), 56(b), 57(d), 58(a), 59(b), 60(c), 61(a), 62(b), 63(a), 64(a), 65(d), 66(a), 67(d), 68(b), 69(b), 70(c), 71(c), 72(d), 73(d), 74(c), 75(c), 76(c), 77(b), 78(d).

এরপর আগামী সংখ্যায়
প্রস্তুত করেছেন: সাগর রায়

রাজ্য পুলিশে ৮৬৩২ কনস্টেবল

নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

ছয়ের পাতার পর

1. ACD, 2. ADE, 3. AEF, 4. BCD, 5. BED, 6. BEF, 7. AEC, 8. AFD, 9. BEC, 10. BFD, 11. ABE, 12. ABD, 13. ABC, 14. AFC, 15. BFC.

57(c): ধরা যাক, আধুলির সংখ্যা = x
$\therefore x \times 50 + (70 - x)\,25 = 2725$
$\Rightarrow 50x + 1750 - 25x = 2725$
$\Rightarrow 25x = 975$ or, $x = \frac{975}{25} = 39$
আধুলির সংখ্যা = 39টি।

61(b): 1200 জনের চলে (60 – 15) দিন = 45 দিন
$\therefore 1200 - 300 = 900$ জনের চলে $= \frac{45 \times 1200}{900} = 60$ দিন।

64(c): 3 গুণ 10 পয়সা = 30 পয়সা
বালকের সংখ্যা $= \sqrt{23520 \div 30} = \sqrt{784} = 28$ জন।

67(b):

	×2+1		×2+1		×2+1		
3	7	15	31	63	127	255	511
×2+1		×2+1		×2+1		×2+1	

$\therefore$ সঠিক সংখ্যাটি $= 15 \times 2 + 1 = 30 + 1 = 31$
ভুল সংখ্যাটি হবে = 39

68(a): ONE $= (3)^2 = 9$, TWO $= (3)^2 = 9$
THREE $= (5)^2 = 25$ $\therefore$ ELEVEN $= (6)^2 = 36$.

71(a):

G	A	N	D	H	I	J	A	M
↓	↓	↓	↓	↓	↓	↓	↓	↓
1	2	3	4	5	6	7	2	8

∴

J	A	I	H	I	N	D
↓	↓	↓	↓	↓	↓	↓
7	2	6	5	6	3	4

73(a): $16 \times (2 \div 2) = 16$, $20 \times (4 \div 2) = 40$
$24 \times (8 \div 2) = 96$, $15 \times (6 \div 2) = \boxed{45}$

74(b): দেওয়া হয়েছে $= 13 - 12 \div 400 + 20 \times 100$
চিহ্ন পরিবর্তন করার পর $= 13 \times 12 + 400 \div 20 - 100$
$= 156 + \frac{400}{20} - 100 = 156 + 20 - 100 = 176 - 100 = 76.$

75(d): $\frac{2}{\sqrt{7}+\sqrt{5}} = \frac{2 \times (\sqrt{7}-\sqrt{5})}{(\sqrt{7}+\sqrt{5})(\sqrt{7}-\sqrt{5})} = \frac{2(\sqrt{7}-\sqrt{5})}{7-5} = \sqrt{7}-\sqrt{5}$

$= \frac{7}{\sqrt{12}-\sqrt{5}} = \frac{7(\sqrt{12}+\sqrt{5})}{(\sqrt{12}-\sqrt{5})(\sqrt{12}+\sqrt{5})} = \frac{7(\sqrt{12}+\sqrt{5})}{12-5} = \sqrt{12}-\sqrt{5}$

$\frac{5}{\sqrt{12}-\sqrt{7}} = \frac{5(\sqrt{12}+\sqrt{7})}{(\sqrt{12}-\sqrt{7})(\sqrt{12}+\sqrt{7})} = \frac{5(\sqrt{12}+\sqrt{7})}{12-7} = \sqrt{12}+\sqrt{7}$

$\therefore (\sqrt{7}-\sqrt{5}) + (\sqrt{12}+\sqrt{5}) - (\sqrt{12}+\sqrt{7})$
$= \sqrt{7}-\sqrt{5}+\sqrt{12}+\sqrt{5}-\sqrt{12}-\sqrt{7} = 0.$

76(d): গীতা < রিতা < শ্যাম < রাধা < সুনিতা

84(b):



85(c): নাতনী (Grand daughter).

86(c): দৈর্ঘ্য $= \sqrt{8^2+6^2+2^2}$ সেন্টিমিটার $= \sqrt{64+36+4} = \sqrt{104}$
$= \sqrt{4 \times 26} = 2\sqrt{26}$ = সেন্টিমিটার।

91(b): 72 কিলোমিটার/ঘণ্টা $= \left(72 \times \frac{5}{18}\right)$ মিটার/সেকেন্ড = 20 মিটার/ সেকেন্ড
ট্রেন ও সেতুর মোট দৈর্ঘ্য = 110 + 132 = 242 মিটার
$\therefore$ সময় লাগে $= \frac{242}{20} = 12.1$ সেকেন্ড।

93(d): $96 \div 4 = 24$ $(28)^2 = 576$
$28 \div 4 = 7$ $(7)^2 = 49$
$\sqrt{576+49} = \sqrt{625} = 25$ $\therefore$ পরিসীমা $= 25 \times 4$ মিটার = 100 মিটার।

99(a): $\frac{1}{5}[(3.65)^2 - (1.35)^2] = \frac{1}{5}(3.65 + 1.35)(3.65 - 1.35)$
$= \frac{1}{5} \times 5 \times 2.30 = 230.$

100(d): $3\frac{1}{3} = \frac{10}{3}, 2\frac{2}{5} = \frac{12}{5}, 2\frac{2}{7} = \frac{16}{7}$
10, 12 ও 16 এর ল.সা.গু. = 240, 3, 5 ও 7-এর গ.সা.গু. = 1
$\therefore$ বাজবে $\frac{240}{1}$ সেকেন্ড = 240 সেকেন্ড = 4 মিনিট পর।

প্রস্তুত করেছেন: সাগর রায়

এয়ারফোর্সে ১৩১২ গ্রুপ 'সি'

তিনের পাতার পর

অভিজ্ঞতা থাকলে এবং জেনারেল ফায়ার ফাইটিং কোর্স পাশ করে থাকলে অগ্রাধিকার। দৈহিক মাপজোক: উচ্চতা ১৬৫ সেমি। তফসিলি উপজাতি প্রার্থীরা উচ্চতায় ২.৫ সেমি ছাড় পাবেন। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮১.৫ সেমি ও ৮৫ সেমি। ওজন অন্তত ৫০ কেজি। বেতন: উপরোক্ত পদগুলির ক্ষেত্রে সপ্তম বেতন কমিশনের লেভেল-২ অনুসারে।

আয়া/ওয়ার্ড সহায়িকা: মাধ্যমিক। কোনও হাসপাতাল বা নার্সিং হোমে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **হাউসকিপিং স্টাফ:** মাধ্যমিক। **লন্ড্রিম্যান:** মাধ্যমিক। সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **মেস স্টাফ:** মাধ্যমিক। ওয়েটার বা ওয়াশার-আপ পদে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **মাল্টিটাস্কিং স্টাফ:** মাধ্যমিক। লস্কর, মালি, ওয়াচম্যান বা জেন্সেটনার অপারেটর পদে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **ভালকানাইজার:** মাধ্যমিক। **ট্রেডসম্যান মেট:** মাধ্যমিক। বেতন: উপরোক্ত পদগুলির ক্ষেত্রে সপ্তম বেতন কমিশনের লেভেল-১ অনুসারে।

ফায়ার ইঞ্জিন ড্রাইভার: মাধ্যমিক, সঙ্গে বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং ৩ বছর হেভি ভেহিকাল চালানোর অভিজ্ঞতা থাকতে হবে। বিভিন্ন ধরনের ফায়ার অ্যাপ্লায়েন্সেস পরিচালনা ও রক্ষণাবেক্ষণের কাজে দক্ষতা থাকলে, দমকল বাহিনীতে ফায়ারম্যান হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে এবং জেনারেল ফায়ার ফাইটিং কোর্স পাশ করে থাকলে অগ্রাধিকার। বেতন: সপ্তম বেতন কমিশনের লেভেল-৩ অনুসারে।

ওয়্যারলেস অপারেটর মেকানিক-এইচ এস ডব্লু গ্রেড-টু: সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতন: সপ্তম বেতন কমিশনের লেভেল-৪ অনুসারে।

বয়স: ২-৫-২০২১ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, জেনারেল ইংলিশ এবং জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে। পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের স্কিল বা ফিজিক্যাল বা প্র্যাকটিক্যাল টেস্টের জন্য ডাকা হবে। ফায়ারম্যান পদের ক্ষেত্রে দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে: ৬৩.৫ কেজি ওজন বহন করে ৯৬ সেকেন্ডে ১৮৩ মিটার অতিক্রম, ২.৭ মিটার লং জাম্প এবং হাত ও পায়ের সাহায্যে ৩ মিটার দড়ি ধরে ওঠা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নেবেন। পূরণ করবেন যথাযথ ভাবে।

দরখাস্ত ভরা খামের উপর লিখবেন 'APPLICATION FOR THE POST OF ______ & CATEGORY _____' শূন্যস্থানে যে-পদের জন্য দরখাস্ত করছেন তার নাম এবং ক্যাটেগরি লিখবেন। ২ মে-র মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে যে-এয়ারফোর্স স্টেশনের শূন্যপদে দরখাস্ত করছেন, তার নির্দিষ্ট ঠিকানায়।

খুঁটিনাটি তথ্য জানতে দেখুন এই ওয়েবসাইট: https://indianairforce.nic.in

পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓মোট ৪ কপি পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যে ২টি ফটো দরখাস্ত ও অ্যাকনলেজমেন্ট কার্ডের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। দরখাস্তে সাঁটা ফটোটির উপর সই করে দেবেন।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ডোমিসাইল সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ বুক ও যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓নিজের নাম-ঠিকানা লেখা ও ১০ টাকা মূল্যের ডাকটিকিট সাঁটানো একটি খাম।
- ✓যথাযথ ভাবে পূরণ করা অ্যাকনলেজমেন্ট কার্ড।

দরখাস্তের বয়ান পাশের কলামে

পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

PROFORMA FOR APPLICATION

APPLICATION FOR THE POST OF .... In........ Unit

Paste a Self attested Photograph

(1) Post applied for: ______
(2) Name of the Candidate: ______
(In Block letters)
(3) Father's Name: ______
(4) Date of Birth: ____ / ____ / ____
(attach copy of Birth Certificate self attested)
(5) Age as on the last date prescribed for receipt of application:
Years .... Months .... Days ....
(6) Address for correspondence:
House No./ Street/ Village ....
Post Office .... Distt ....
State .... Pin Code ....
(7) Permanent Address:-
House No./ Street/ Village ....
Post Office .... Distt ....
State .... Pin Code ....
(8) Caste: Gen/ OBC / SC/ ST: ....
(attach self attested certifcate in case of SC/ ST/ OBC)
(9) Educational Qualification: ....
(attach education certificate self attested)
(10) Any other qualification / Experience ....
(11) Category for which applied:- Gen (UR)/OBC/SC/ST/EWS/Ex-Serviceman/Meritorious Sport person/ Physically Handicapped _____
(attach self attested copy)
(12) Technical Training / Experience : ....
(13) Domicile .... (attach self attested copy)
(14) Whether registered with any Employment Exchange:- Yes/No
(If yes, mention Registration No. and Name of Employment Exchange)
(15) I hereby certify that above particulars mentioned in the application are correct and true to the best of my knowledge and belief, if particulars mentioned by me are found false at any stage then I shall be liable to be terminated without any notice.

Date: **Signature of candidate**

FOR OFFICIAL RECORD ONLY

1. Received on ....
2. Accepted / Rejected ....
3. Reason for rejection: Underage / Overage / incomplete documents / Any other reason to be specified ....
4. Index No . ... Date of Test/skill/practical/physical test

Acknowledgement Card

Post of ....

Paste a self attested Photograph

(1) Name: ....
(2) Father's Name : ....
(3) Address for correspondence (To be filled same as per Column 6 of application form)
House No./Street/Village .... Post Office ....
Distt .... State .... Pin Code ....
(4) Index No. : .... Date and Time of Test/skill/practical/physical test
(5) Venue of Written Test / skill /practical /physical test.

Signature of Controlling Officer

কেন্দ্রীয় সরকারে ২৬৭

প্রথম পাতার পর

এগ্রিকালচারাল এক্সটেনশন, এগ্রিকালচারাল স্ট্যাটিস্টিক্স, হোম সায়েন্স, ফার্ম মেশিনারি অ্যান্ড পাওয়ার, কম্পিউটার অ্যাপ্লিকেশনস অ্যান্ড আই টি, ল্যান্ড অ্যান্ড ওয়াটার ম্যানেজমেন্ট ইঞ্জিনিয়ারিং, বায়ো-ইনফর্মেটিক্স, ফুড টেকনোলজি, এগ্রিকালচারাল স্ট্রাকচার অ্যান্ড প্রসেস ইঞ্জিনিয়ারিং, ভেটেরিনারি অ্যানাটমি (শুধু নেট পরীক্ষার ক্ষেত্রে), এগ্রিকালচারাল ফিজিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন এবং টেক্সটাইল ম্যানুফ্যাকচার অ্যান্ড টেকনোলজি।

শিক্ষাগত যোগ্যতা: সবক'টি পদের ক্ষেত্রেই সংশ্লিষ্ট বিষয়ে স্পেশ্যালাইজেশন-সহ স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পাশ।

সায়েন্টিস্ট: এগ্রিকালচারাল এন্টোমোলজি ১১টি, ইকনমিক বটানি অ্যান্ড পি জি আর ৫টি, জেনেটিক্স অ্যান্ড প্লান্ট ব্রিডিং ৬টি, প্লান্ট বায়োকেমিস্ট্রি ৪টি, প্লান্ট প্যাথোলজি ১০টি, প্লান্ট ফিজিওলজি ৪টি, সিড সায়েন্স অ্যান্ড টেকনোলজি ৪টি, ফ্লোরিকালচার অ্যান্ড ল্যান্ডস্কেপিং ৬টি, ফ্রুট সায়েন্স ১০টি, ভেজিটেবল সায়েন্স ৬টি, অ্যানিম্যাল বায়োটেকনোলজি ৩টি, অ্যানিম্যাল বায়োকেমিস্ট্রি ৩টি, অ্যানিম্যাল জেনেটিক্স অ্যান্ড ব্রিডিং ৭টি, অ্যানিম্যাল নিউট্রিশন ৪টি, অ্যানিম্যাল ফিজিওলজি ৪টি, ডেয়ারি কেমিস্ট্রি ৩টি, ডেয়ারি মাইক্রোবায়োলজি ৩টি, ডেয়ারি টেকনোলজি ৩টি, লাইভস্টক প্রোডাকশন ম্যানেজমেন্ট ৪টি, পোল্ট্রি সায়েন্স ৩টি, ভেটেরিনারি মাইক্রোবায়োলজি ৩টি, অ্যাকোয়াকালচার ৩টি, এগ্রিকালচারাল কেমিক্যাল ৩টি, অ্যাগ্রোফরেস্ট্রি ৩টি, অ্যাগ্রোনমি ৯টি, এনভায়রনমেন্টাল সায়েন্স ৪টি, সয়েল সায়েন্স ৫টি, এগ্রিকালচারাল ইকনমিক্স ১২টি, এগ্রিকালচারাল এক্সটেনশন ১২টি, এগ্রিকালচারাল স্ট্যাটিস্টিক্স ১০টি, ল্যান্ড অ্যান্ড ওয়াটার ম্যানেজমেন্ট ইঞ্জিনিয়ারিং ৩টি, বায়োইনফর্মেটিক্স ৪টি, ফুড টেকনোলজি ৪টি, এগ্রিকালচারাল স্ট্রাকচার অ্যান্ড প্রসেস ইঞ্জিনিয়ারিং ১৬টি, এগ্রিকালচারাল ফিজিক্স ৩টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ৫টি।

সিনিয়র টেকনিক্যাল অফিসার: মোট শূন্যপদ ৬৫টি।

লেকচারার/অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে সংস্থার তরফে শূন্যপদের বিষয়ে জানানো হয়নি।

বয়স: ১-১-২০২১ তারিখে লেকচারার/অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে অন্তত ২১ বছরের হতে হবে, বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই, সায়েন্টিস্ট পদের ক্ষেত্রে ২১ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। সিনিয়র টেকনিক্যাল অফিসার পদের ক্ষেত্রে ২৫-৪-২০২১ তারিখে ২১ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

বেতনক্রম: সায়েন্টিস্ট পদের ক্ষেত্রে ৫৭,৭০০-১,৮২,৪০০ টাকা, সিনিয়র টেকনিক্যাল অফিসার পদের ক্ষেত্রে ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

পরীক্ষার ধরনধারণ: সায়েন্টিস্ট পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে প্রিলিমিনারি ও মেন পরীক্ষার মাধ্যমে। প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে ১৫০ নম্বরের। সময়সীমা ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। মেন পরীক্ষায় প্রশ্ন হবে ২৪০ নম্বরের। সময়সীমা ৩ ঘণ্টা। মেন পরীক্ষায় উত্তীর্ণদের ইন্টারভিউয়ে ডাকা হবে।

সিনিয়র টেকনিক্যাল অফিসার পদের ক্ষেত্রে কম্পিউটারভিত্তিক পরীক্ষার (১৫০ নম্বর) মাধ্যমে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষার সময়সীমা ২ ঘণ্টা।

লেকচারার/অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে নেট পরীক্ষার মাধ্যমে। অনলাইন নেট পরীক্ষায় মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ১৫০ নম্বরের। নেগেটিভ মার্কিং আছে। সময়সীমা ২ ঘণ্টা।

নেট, এ আর এস (প্রিলিমিনারি) এবং সিনিয়র টেকনিক্যাল অফিসার পদের ক্ষেত্রে পরীক্ষাকেন্দ্র ব্যারাকপুর/কলকাতা (সেন্টার কোড ০৫)। এ আর এস-২০২১ মেন পরীক্ষার কেন্দ্র কলকাতা (সেন্টার কোড ০৮)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.asrb.org.in দরখাস্তের শেষ তারিখ ২৫ এপ্রিল। দরখাস্তের সময় প্রার্থীর জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (১৫০ কেবি সাইজের মধ্যে) ও সই আপলোড করতে হবে।

সায়েন্টিস্ট এবং সিনিয়র টেকনিক্যাল অফিসার পদের ক্ষেত্রে পরীক্ষার ফি বাবদ অনলাইনে দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। লেকচারার/অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (ও বি সি এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ৫০০ টাকা, মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫০ টাকা)।

ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং বা ইউ পি আইয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে



স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in